বিদ্যালয়ের নেতৃত্ব

# শিখন–শিক্ষণ প্রক্রিয়ার রূপান্তর ঘটানো: কর্মদক্ষতার বিকাশে শিক্ষকদের প্রতি সহায়তাদান

## Transforming teaching-learning process: supporting teachers to raise performance





ভারতে বিদ্যালয় ভিত্তিক সহায়তার ভিত্তিতে শিক্ষকের জন্য প্রশিক্ষণ

www.TESS-India.edu.in

The Open University

UKaid from the British people


http://creativecommons.org/licenses/

*TESS-India-এর এই 20টি বিদ্যালয় লিডারশিপ OER (মুক্ত শিক্ষা সম্পদ) বিদ্যালয় নেতৃত্বের বোঝার শক্তি আর দক্ষতা বৃদ্ধিতে সাহায্য করার জন্য, যাতে তারা তাদের বিদ্যালয়ের শিখন ও শিক্ষণ পদ্ধতি উন্নত করার ক্ষেত্রে নেতৃত্ব দিতে পারেন। মূলতঃ এই ইউনিটগুলি বাস্তবমুখী, যাতে বিদ্যালয়ের কর্মী, শিক্ষার্থী ও অন্যান্যদের সাথে নিয়ে কার্যকলাপ সম্পাদন করতে হয়। সফল বিদ্যালয়সমূহের উপর করা গবেষণা ও শিক্ষা সংক্রান্ত অধ্যয়ন এগুলির ভিত্তি।*

*ইউনিটগুলো পাঠ করার কোন নির্দিষ্ট ক্রম নেই, তবে 'দ্য স্কুল লিডার অ্যাজ ইনেব্লার' থেকে শুরু করাই শ্রেয়, কারণ এখানে সমগ্র স্তবকের একটি অভিমুখ আছে। আপনি নির্দিষ্ট বিষয়ের সাথে সম্পর্কিত ইউনিটগুলি একসঙ্গে অধ্যয়ন করতে পারেন; এই ইউনিট সমগ্র ন্যাশনাল সেন্টার অব্ স্কুল লিডারশিপ কারিকুলাম ফ্রেমওয়ার্কের (ভারত) মূল বিষয়গুলির সঙ্গে সঙ্গতিপূর্ণ। এগুলি হলঃ 'বিদ্যালয়ের নেতৃত্ব দৃষ্টিকোণ'(1); 'পরিচালনা ও স্ব-উন্নয়ন' (2); 'শেখানো-শেখার প্রক্রিয়ার রূপান্তর' (3); এবং 'পরিচালনায় অংশীদারিত্ব' (6)। মূল বিষয় 4 ও 5 – উদ্ভাবন ও দলের নেতৃত্ব দান - বিভিন্ন ইউনিটে আলোচিত হয়েছে, তবে নির্দিষ্ট বিষয় হিসাবে নয়। কিছু কিছু ইউনিটে একটির বেশি মূল বিষয় আলোচিত হয়েছে।*

*এই বিভাগগুলি বিদ্যালয় নেতৃত্ব স্ব-অধ্যয়নের জন্য অথবা নেতৃত্বদান শেখানোর পাঠ্যক্রমের অংশ হিসাবে ব্যবহার করতে পারেন। দুই ক্ষেত্রেই একটি ব্যক্তিগত শিক্ষার ডায়েরি রাখা এবং অন্যদের সঙ্গে কার্যকলাপ ও কেস স্টাডি সংক্রান্ত আলোচনার মাধ্যমে শেখার অভিজ্ঞতা জ্ঞান করে নেওয়া লাভপ্রদ হয়। 'বিদ্যালয় নেতৃত্ব' শব্দটি এখানে প্রধান শিক্ষক, অধ্যক্ষ, শিক্ষক–প্রতিনিধি বা যিনি বিদ্যালয়ের নেতৃত্বের ভারপ্রাপ্ত - তাঁকে বোঝাতে ব্যবহৃত হয়েছে।*

***ভিডিও সম্পদসমূহ***

*এই*  *আইকন নির্দেশ করে কোথায় কোথায় TESS-India স্কুল নেতৃত্ব ভিডিও সম্পদ আছে। এই ভিডিওগুলিতে ভারতীয় বিদ্যালয়ের নেতৃত্বরা জানিয়েছেন যে শেখানো এবং শেখার উন্নতির জন্য তাঁরা কিভাবে তাদের বিদ্যালয়ে পরিবর্তন আনছেন। আমরা আশা করি সেগুলি আপনাকে অনুরূপ ব্যবস্থা নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করতে অনুপ্রাণিত করবে। ভিডিও-সম্পদগুলির উদ্দেশ্য হল পাঠ্যভিত্তিক ইউনিটের মাধ্যমে করা আপনার কাজকে আরও সম্পূর্ণ ও সমৃদ্ধ করা, কিন্তু যদি এগুলি উপলভ্য না হয়, সেক্ষেত্রে এগুলি অপরিহার্য নয়।*

*TESS-India ভিডিও সম্পদগুলি TESS-India ওয়েবসাইট http://www.tess-india.edu.in/ থেকে অনলাইনে দেখা যেতে পারে বা ডাউনলোড করা যেতে পারে। অথবা আপনি একটি সিডি বা মেমরি কার্ডে ভিডিওগুলি পেতে পারেন।*

***TESS-India (বিদ্যালয়-ভিত্তিক সহায়তার মাধ্যমে শিক্ষক প্রশিক্ষণ) প্রকল্পের বিষয়ে***

*TESS-India-এর লক্ষ্য হল শিক্ষার্থী-কেন্দ্রিক, অংশগ্রহণমূলক পদ্ধতির উন্নতিতে বিদ্যালয় নেতৃত্ব আর শিক্ষকদের সহায়তা করার জন্য ওপেন এডুকেশনাল রিসোর্সেস-এর রিসোর্সগুলির মাধ্যমে ভারতের প্রাথমিক এবং মাধ্যমিক শিক্ষকদের শ্রেণিকক্ষের অনুশীলন উন্নত করা। 105 টি TESS-India বিষয়ক OERs ভাষা, বিজ্ঞান এবং গণিত বিষয়ে বিদ্যালয়ের পাঠ্যপুস্তকের সাথে শিক্ষকদের সঙ্গ প্রদান করে। এগুলি শিক্ষার্থীদের সঙ্গে শ্রেণিকক্ষে পরখ করে দেখার জন্য কার্যক্রম দেয়, আর একই সাথে শিক্ষকদের কিছু কেস স্টাডি দেয় যেগুলি দেখায় যে অন্য শিক্ষকরা কীভাবে বিষয়টি পড়িয়েছেন এবং সম্পদগুলির মধ্যে কিভাবে যোগসূত্র স্থাপন করেছেন শিক্ষকদের পাঠের পরিকল্পনা ও বিষয়জ্ঞান উন্নত করতে সাহায্য করার উদ্দেশ্যে।*

*ভারতীয় পাঠ্যক্রম এবং প্রসঙ্গগুলির জন্য সমস্ত TESS-India OERs ভারতীয় এবং আন্তর্জাতিক লেখকরা সহযোগিতা করে লিখেছেন এবং এগুলি অনলাইনে এবং ছেপে ব্যবহারের জন্য পাওয়া যায় (http://www.tess-india.edu.in/)। OERs অনেক রূপে পাওয়া যায় এবং এগুলি ভারতের প্রত্যেক অংশগ্রহণকারী রাজ্যের জন্য উপযুক্ত এবং স্থানীয় প্রয়োজনীয়তা ও প্রাসঙ্গিকতা অনুসারে OERsগুলি উপযোগী করে আঞ্চলিক ভিত্তিতে ব্যবহার করার জন্য ব্যবহারকারীদের আমন্ত্রণ করা হচ্ছে।।*

*TESS-India The Open University, UK দ্বারা পরিচালিত এবং UK সরকারের অর্থপ্রাপ্ত।*

*সংস্করণ 2.0 SL07v1*

*West Bengal*

*তৃতীয় পক্ষের উপাদানগুলি বা অন্যথায় বর্ণিত না হলে এই সাগ্রীটি একটি ক্রিয়েটিভ করনস অ্যাট্রিবিউশন-শেয়ারঅ্যালাইক লাইসেন্সের অধীনে উপলব্দ: [http://creativecommons.org/licenses/by-sa/3.0/](http://creativecommons.org/licenses/by-sa/3.0/)*

# এই ইউনিটের বিষয়বস্তু

আদর্শ বিশ্বে, বিদ্যালয়ে প্রতি বছর সমস্ত শিক্ষার্থী উন্নত শিক্ষা অর্জন করবে, তারা সেই শিক্ষকদের নিকট থেকে সাহায্য পাবে যারা সাম্প্রতিকতম শিখন তত্ব সম্পর্কে এবং প্রতিটি শিক্ষার্থীর প্রয়োজনে এটা কিভাবে প্রয়োগ করা হবে তা জানেন। শিক্ষকদের জীবনে যাই ঘটুক না কেন বিদ্যালয় দ্বারা প্রদত্ত সম্পদ সহ শিক্ষকরা এই কাজ করতে সক্ষম হবেন।

আমরা কোন আদর্শ বিশ্বের মধ্যে বসবাস করি না। শিক্ষকরা হলেন মানুষ যারা মাঝে মাঝে তাঁদের সর্বোত্তম কাজ করতে পারেন না। তাঁরা এ সম্পর্কে সচেতন হলে, তাঁদের খুব অল্প পরিমাণ সহায়তা প্রয়োজন হতে পারে – কিন্তু সমস্যা তখন হয় যখন শিক্ষকরা বুঝতে পারেন না তাঁরা আরও ভাল করতে পারেন এবং শিক্ষার্থীদের শিক্ষাদান প্রক্রিয়া ক্ষতিগ্রস্ত হচ্ছে। এটা একটা সংবেদনশীল সমস্যা যার সযত্ন ব্যবস্থাপনা প্রয়োজন, কিন্তু এটা একজন ভাল বিদ্যালয় নেতৃত্বের ভূমিকা ও দায়িত্বের অংশ।

এই ইউনিটে আপনি কিভাবে শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে প্রমাণ সংগ্রহ করতে হয় এবং সহায়তামূলক উন্নয়ন অ্যাক্টিভিটি পরিকল্পনা করা ও ব্যবহারের মাধ্যমে কীভাবে এটির উন্নতি সাধনে কিছু ধারণা অন্বেষণ করতে হয় তা শিখবেন। আপনার শিক্ষকরা শিক্ষার্থীদের কৃতিত্বের সর্ববৃহৎ নির্ধারক এবং তাই শিক্ষকদের কার্যকারিতার বিকাশে আপনার প্রভাব শিক্ষার্থীদের শেখা ও ফলাফলের উপর সরাসরি পড়বে। একজন বিদ্যালয় নেতৃত্ব স্থানীয় হিসাবে তাঁদের কর্মসম্পাদন ক্ষমতা বাড়াতে সহায়তা করতে পারবেন এবং আপনি শিক্ষকদের তাদের ওপর আরও প্রভাব ফেলার ক্ষেত্রে সহযোগিতা করবে পারবেন।

## লার্নিং ডায়েরী বা শিক্ষালাভের রোজনামচা

এই ইউনিটটির উপর কাজ করাকালীন, আপনার শিক্ষালাভের রোজনামচা আপনাকে লিখতে বলা হবে, যেটা কোন বই বা ফোল্ডার হতে পারে যেখানে আপনি আপনার ভাবনা-চিন্তা ও পরিকল্পনা নথিভুক্ত করবেন। হয়ত আপনি এর মধ্যেই এটা শুরু করে দিয়েছেন।

আপনি এই ইউনিটটিতে হয়ত একাই কাজ করছেন, কিন্তু যদি আপনি আরেকজন বিদ্যালয় নেতৃত্বের সাথে আপনার শিক্ষা গ্রহণ সম্বন্ধে আলোচনা করতে পারেন, তাহলে আপনি অনেক বেশী শিখতে পারবেন। তিনি এমন কোন একজন সহকর্মী হতে পারেন যার সঙ্গে আপনি ইতিমধ্যেই সহযোগীরূপে কাজ করেন, অথবা এমন কেউ যার সাথে আপনি নতুন সম্পর্ক গড়ে তুলতে পারেন এটা আনুষ্ঠানিকভাবে বা সাধারণ ঘরোয়া আলাপ-আলোচনার মাধ্যমে হতে পারে। আপনার শিক্ষালাভের ডায়েরিতে বা রোজনামচাতে আপনি যা লিখে রাখবেন তা এই ধরণের সাক্ষাৎকারে কাজে লাগবে, সাথে সাথে আরো দীর্ঘমেয়াদী শিখন ও উন্নতির খসড়াও তৈরি হয়ে যাবে।

# বিদ্যালয় নেতৃত্বরা এই ইউনিট থেকে কী শিখতে পারবেন

- শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতার মূল্যায়ন করা।
- আলাদা আলাদাভাবে শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পরিকল্পনা করা।
- কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে শিক্ষকদের সঙ্গে গঠনমূলক বৈঠক কিভাবে পরিচালনা করতে হবে তার কিছু ধারণা।
- শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতা বজায় রাখার জন্য কিছু ধারণা।

# 1 উন্নতির ক্ষেত্রগুলো সম্পর্কে সচেতনতা লাভ

আপনার শিক্ষকদের সুস্পষ্ট ক্ষমতা আছে এছাড়াও তাঁদের এমন কিছু ক্ষেত্রও রয়েছে যেখানে তাঁরা উন্নতি করতে পারেন। শিক্ষকদের উন্নত কর্মসম্পাদন ক্ষমতা শনাক্ত করা ও স্বীকার করা গুরুত্বপূর্ণ – এই ইউনিটের শেষ দিকে বিশেষভাবে এটা চর্চা করতে আপনি একটা অ্যাক্টিভিটি সম্পন্ন করবেন। কিন্তু প্রথমত, কর্মসম্পাদন ক্ষমতার ঘাটতি কীভাবে মোকাবিলা করা যায় তার উপর

মনোনিবেশ করা হয়। সেটি হল যেখানে শিক্ষকরা একজন যথার্থ্য শিক্ষক হওয়ার সঙ্গে সম্পর্কিত দক্ষতা, জ্ঞান ও আচরণ পূর্ণ মাত্রায় ব্যবহার করতে পারছেন না। এটি সম্পর্কে চিন্তা শুরু করার ক্ষেত্রে সাহায্যের জন্য নিচের কেস স্টাডি পড়ুন এবং এর পরবর্তী অ্যাক্টিভিটিটি সম্পূর্ণ করুন।

## কেস স্টাডি 1 মিঃ প্রসাদের শ্রেণির পরীক্ষার ফলাফল

সমস্ত বিষয়ের শ্রেণির পরীক্ষার প্রথম সেটের ফলাফল এসেছে। বিদ্যালয় নেতৃত্ব মিঃ কাপুর খুঁটিনাটির প্রতি সবচেয়ে যত্নশীল শিক্ষিকা মিসেস আগরওয়ালের সঙ্গে বসেছিলেন যাকে পরীক্ষা ও পরীক্ষার ফলাফল বিশ্লেষণের জন্য তিনি দায়িত্ব অর্পণ করেছিলেন।

বেশ নাটকীয়ভাবে মিসেস আগরওয়াল বললেন 'প্রতিবারের মত এবারেও শিক্ষার্থীরা বিজ্ঞানে সত্যিই খারাপ ফল করেছে। আমি নিশ্চিত এই ব্যাচ বিদ্যালয়ের ফলাফল খারাপ করতে চলেছে!'

মিঃ কাপুর কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়লেন। তিনি গত বছর এই শিক্ষার্থীদের পড়িয়েছিলেন এবং তারা কঠিন প্রশ্নের ভাল প্রত্যুত্তর দিয়েছিল। এই ফলাফল শিক্ষার্থীদের দক্ষতা সম্পর্কিত পূর্ববর্তী ধারণার সঙ্গে মিলছে না।

'এই ফলাফল কি সবই বিজ্ঞানের বিষয়ে?' তিনি জিজ্ঞাসা করলেন।

মিসেস আগরওয়াল নীরবে তার বিশ্লেষণ দেখলেন এবং একটু ব্যঙ্গাত্মক সুরে বললেন: 'আপনি তো প্রতিভাবান – এটা শুধু জীববিজ্ঞান। সেটা মিঃ প্রসাদের বিষয়। আমি মনে করি না তারা তাঁকে খুব পছন্দ করে। এক তো তিনি দক্ষ অবিচলিত হাতে সবচেয়ে জটিল একটা ডায়াগ্রাম আঁকেন এবং আশা করেন যে শিক্ষার্থীরা সেটার হুবহু কপি করবে। এবং অবশ্যই, তিনি লেবেল করার জন্য এখনও একটা এক ফুট-লম্বা স্কেল ব্যবহার করেন!'

মিঃ কাপুর সাড়া না দিয়ে মাথা নাড়ালেন। তিনি অবশ্যই বিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের নিয়ে আলোচনার মধ্যে জড়িয়ে পড়তে চান না।

'আপনাকে ধন্যবাদ, মিসেস আগরওয়াল। এখন আমাদের সামাজিক বিজ্ঞানের ফলাফল দেখতে হবে', তিনি শুধু এটুকুই বললেন।।

## অ্যাক্টিভিটি 1: শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতার সঙ্গে সম্পর্কিত সমস্যাগুলো শনাক্ত করা

মিঃ কাপুর একজন শিক্ষকের কর্মসম্পাদন ক্ষমতার ঘাটতি চিহ্নিত করার সময় সাহায্যের জন্য শিক্ষার্থীদের দক্ষতা যাচাই রপ্তে ফলাফল ব্যবহার করেছিলেন। আপনি আপনার বিদ্যালয়ে একজন শিক্ষকের ঘাটতির ব্যাপারে সচেতন হওয়ার পদ্ধতি সম্পর্কে চিন্তা করতে পারেন। আপনার শিখন দিনলিপিতে তিনটে বা চারটে ধারণা লিখুন।

এই ক্ষেত্রে মিঃ কাপুর খারাপ ফলাফল ও শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতার মধ্যে সাধন করতে সক্ষম হয়েছিলেন। সর্বদা এরকম সরাসরি কোন সংযোগ নাও থাকতে পারে এবং অন্যান্য সম্ভাব্য কারণের দিক দেখা ও গুরুত্বপূর্ণ (উদাহরণ অসুস্থতা, পাঠ্যবই পাওয়ার অভাব, ধারাবাহিক কম উপস্থিতি)।

প্রতিটি পরিস্থিতি স্বতন্ত্র, কিন্তু কিছু সূচক রয়েছে যা শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতার ক্ষেত্রে সমস্যার ইঙ্গিত দেয়:

- কোন একটা শ্রেণিতে শিক্ষার্থীদের অনুপস্থিতির হার বেশী
- কোন একটা শ্রেণিতে শিক্ষার্থীরা অবাধ্য আচরণ করে
- কোন একটা শ্রেণিতে তাদের সন্তানদের অগ্রগতির বিষয়ে বাবা-মায়েরা অসন্তুষ্ট

- কোন নির্দিষ্ট একটা শ্রেণিতে শিক্ষার্থীদের কাছ থেকে যেরূপ ফলাফল প্রত্যাশা করা হয় সেইরকম অগ্রগতি পরিলক্ষিত হয় না
- উপরোক্ত শ্রেণির শিক্ষকেরা সাফল্যের নিম্ন মান সম্পর্কে অভিযোগ করেন
- অন্য বিষয়ের তুলনায় কিছু নির্দিষ্ট বিষয়ে শিক্ষার্থীদের অগ্রগতি তেমন ভালো না।

# 2 কর্মসম্পাদন ক্ষমতার প্রমাণ সংগ্রহ করা

যে গুরুত্বপূর্ণ কথাটি মনে রাখতে হবে সেটি হল শিক্ষকদের খারাপ কর্মসম্পাদন ক্ষমতা অবধারিতভাবে একজন শিক্ষকের শিক্ষাদানের দৃষ্টিভঙ্গি বা শ্রেণিকক্ষ সংগঠিত করার পদ্ধতি অন্যদের থেকে ভিন্ন কিনা তার সঙ্গে সম্পর্কিত নয়। এটার সঙ্গে যেটা সম্পর্কিত সেটা হল তাদের শিক্ষাদান সেই অগ্রগতি দেখাতে পারে না যেটা সেই সময় তাদের শিক্ষার্থীদের কাছ থেকে স্বাভাবিকভাবে প্রত্যাশা করা হয়। উদাহরণ স্বরূপ, সক্ষম শিক্ষার্থী বা কোন বিশেষ সাংস্কৃতিক পটভূমির শিক্ষার্থীরা ভাল করতে পারে কিন্তু অন্যরা পারে না।

আপনি নিয়মিতভাবে শ্রেণিকক্ষে গিয়ে বা শিক্ষকদের সঙ্গে কথা বলার মাধ্যমে শিক্ষার্থীদের শিক্ষলাভ প্রক্রিয়ার উপর ডেটা সংগ্রহ না করলে, শিক্ষার্থীদের শিক্ষা গুরুতরভাবে ক্ষতিগ্রস্ত না হওয়া পর্যন্ত আপনি হয়তো এই ঘাটতি সম্পর্কে সচেতন হতে পারবেন না। এই কারণে নিয়মিত পর্যবেক্ষণ প্রয়োজন এবং তা আপনার কাজের রুটিনের অংশ হওয়া উচিত। পর্যবেক্ষণের মাধ্যমে আপনি ভাল কর্মসম্পাদন ক্ষমতা চিহ্নিত করতে পারবেন ও যারা ভাল কর্মসম্পাদন করছেন তাদের শনাক্ত করতে পারবেন।



**চিত্র 1** পর্যবেক্ষণের মাধ্যমে প্রমাণ সংগ্রহ করা।

কিভাবে আপনি কর্মসম্পাদন ক্ষমতার প্রমাণ সংগ্রহ করবেন? কাহিনী বা অনুমানের উপর ভিত্তি না করে প্রমাণের উপর ভিত্তি করে ব্যবস্থা গ্রহণ করা খুবই গুরুত্বপূর্ণ। তবে কোন সমস্যা সাধারণত অন্য শিক্ষক ও তাদের কর্মসম্পাদন ক্ষমতার সঙ্গে তুলনাত্মক উত্থাপিত হয়, তাই প্রায়শই একাধিক শিক্ষক বা শ্রেণির নিকট থেকে প্রমাণ সংগ্রহ করা প্রয়োজন।

প্রমাণ সংগ্রহ করন স্বেচ্ছায় হওয়া প্রয়োজন এবং এই পদ্ধতি আদর্শগতভাবে নিরপেক্ষ ও সামঞ্জস্যপূর্ণ হয়। একবার আপনি কিছু প্রাথমিক ডেটা সংগ্রহ করলে বাস্তবে ঠিক কী হচ্ছে সেটা স্পষ্ট করতে আপনার আরও তথ্য অন্বেষণ করা উচিত। এর অন্তর্ভুক্ত হতে পারে:

- বিভিন্ন শ্রেণি থেকে অগ্রগতির ডেটা সংগ্রহ করা
- শিক্ষাদান ও শেখা ব্যক্তিগতভাবে পর্যবেক্ষণ করা

- শিক্ষার্থীদের সঙ্গে তাদের অভিজ্ঞতা নিয়ে কথা বলা। তবে এই ক্ষেত্রে, আপনার প্রশ্ন ও শিক্ষার্থীদের উত্তরে আপনার প্রতিক্রিয়ার মাধ্যমে শিক্ষকদের যোগ্যতার বিষয়ে তাদের মনে কোন সন্দেহের উদ্রেক না করার জন্য অত্যন্ত সতর্কতা গ্রহণ করা আবশ্যক।

এটাও মনে রাখা গুরুত্বপূর্ণ যে এটা শিক্ষকদের আচরণের একটা দিক হতে পারে; এমন নয় যে শিক্ষকরা নিজেরাই সমস্যার বিষয়। আপনি ব্যক্তিকে বিচার করছেন না, আপনি তাদের শিক্ষাদান সম্পর্কিত আচরণের বিচার করছেন – অ্যাক্টিভিটি 2 এ যেমনভাবে অনুসন্ধান করা হয়েছে।

## অ্যাক্টিভিটি 2: আপনি কী বিচার করছেন?

শিক্ষকদের পারদর্শিতা দেখার সময়, শিক্ষকদের একজন ব্যক্তি হিসাবে না দেখে তাঁদের পেশাগত আচরণ পর্যবেক্ষণ করা প্রয়োজন। নিচের তালিকা দেখুন এবং প্রমাণগুলোর প্রতিটি আচরণ সম্পর্কে না কি ব্যক্তি সম্পর্কে সে বিষয়ে ভেবে আপনার শিখন দিনলিপিতে লিখুন:

1. 20 মিনিট একটা শ্রেণিকক্ষ পর্যবেক্ষণ করুন এবং বিভিন্ন শিক্ষার্থীর সংখ্যা লিখে রাখুন যাদের সঙ্গে শিক্ষকেরা কথা বলেছেন।
2. শিক্ষকদের পোশাক সম্পর্কে শিক্ষার্থীদের মন্তব্য।
3. একজন শিক্ষকের প্রদত্ত রিপোর্ট হল এই যে, পার্শ্ববর্তী শ্রেণির শিক্ষক পাঠের জন্য সর্বদা দশ মিনিট দেরিতে পৌঁছান।
4. কোন শ্রেণিকক্ষ 20 মিনিট পর্যবেক্ষণ করুন, কতগুলো উন্মুক্ত প্রশ্ন শিক্ষক জিজ্ঞাসা করলেন তা লিখে রাখুন।
5. শিক্ষার্থীরা একে অপরের সঙ্গে কিভাবে বিভিন্ন কাজ করেন সেই বিষয়ে তাদের মন্তব্য।
6. ভিন্ন অঞ্চল থেকে আগত শিক্ষক সম্পর্কে বাবা-মায়ের মন্তব্য।

**আলোচনা**

এগুলোর মধ্যে কিছু বিষয় প্রথমে যেরূপ মনে হয় ঠিক ততটা স্পষ্ট নয়।

- বিকল্প 1, 4 ও 5 স্পষ্টতই শিক্ষকদের আচরণ সম্পর্কে।
- বিকল্প 2 অনুপযুক্ত এবং পোশাক যথার্থ্যভাবে অনুপযুক্ত না হলে সে সম্পর্কে মন্তব্য স্পষ্টতই ব্যক্তির বিরুদ্ধে। এই ধরনের মন্তব্য উচ্চারণে নিরুৎসাহিত করা উচিত।
- বিকল্প 3 অনুরূপ, কিন্তু আপনাকে সম্ভাব্য পক্ষপাত সম্পর্কে সতর্ক হতে হবে এবং পদক্ষেপ নেওয়ার আগে আরও প্রমাণ সংগ্রহ করতে হবে।
- বিকল্প 6 প্রচণ্ড অসহিষ্ণু আচরণ মনে হতে পারে, কিন্তু হতে পারে শিক্ষকদের বাচনভঙ্গি এতটা কঠিন যে শিক্ষার্থীদের এটা বুঝতে অসুবিধা হয়। আবার, সেখানে আরও তদন্তের প্রয়োজন হতে পারে।

এখন অ্যাক্টিভিটি 3 চেষ্টা করুন, যেখানে আপনি আপনার বিদ্যালয়ে কিভাবে প্রমাণ সংগ্রহ করতে পারেন সে বিষয়টি বিবেচনা করা হয়েছে।

## অ্যাক্টিভিটি 3: আপনার বিদ্যালয়ে কিভাবে আপনি প্রমাণ সংগ্রহ করতে পারেন

যদি আপনি আপনার বিদ্যালয়ে শিক্ষাদান সম্পর্কে উদ্বিগ্ন থাকেন, তবে সেই সম্পর্কে এবং এর কারণ কী হতে পারে সেই সম্পর্কে আরও বোঝার জন্য কিভাবে প্রমাণ সংগ্রহ করবেন এখন সে বিষয়ে ভাবুন। আপনি যে প্রমাণ সংগ্রহ করতে পারেন ও সেগুলি সংগ্রহ করতে আপনার সম্ভাব্য যে সমস্যাগুলো হতে পারে সেই সম্বন্ধে আপনার শিখন দিনলিপিতে লিখুন।

**আলোচনা**

স্পষ্টত, আমরা জানি না কোন প্রমাণের উপর ভিত্তি করে আপনি সিদ্ধান্ত নিয়েছেন। কিন্তু সম্ভবত সমস্যাগুলো অনুরূপ:

- আপনার উদ্দেশ্য সম্পর্কে শিক্ষকদের সন্দেহ হতে পারে এবং আপনি তাঁদের শ্রেণিকক্ষে প্রবেশ করলে তাঁরা অসন্তুষ্ট হতে পারেন।
- আপনার উপস্থিতিতে শিক্ষার্থীরা ভিন্নভাবে আচরণ করতে পারে।
- শিক্ষার্থীরা আপনার অ্যাক্টিভিটি সম্পর্কে জানালে বাবা মায়েরা উদ্বিগ্ন হতে পারেন।

আপনি আরও নিয়মিতভাবে আপনার বিদ্যালয়ে প্রমাণ সংগ্রহ করলে, এটা অনেকের কাছে কম উত্তেজনা ও উদ্বেগের কারণ হবে – কিন্তু তাদের প্রাথমিকভাবে আপনাকে আশ্বস্ত করতে হবে। একাধিক শিক্ষক বা শ্রেণি থেকে প্রমাণ সংগ্রহ করা অন্যদের ক্ষেত্রে কিছুটা হলেও কম দৃষ্টি আকর্ষণ করবে। পদ্ধতিটাকে কিভাবে আরও সহযোগিতামূলক করা যায় তার উপায়ের উপর শিক্ষকদের মতামত জিজ্ঞাসা করার মাধ্যমে শিক্ষকদের এই প্রক্রিয়ায় জড়িত করার ব্যাপারে আপনি চিন্তাভাবনা করতে পারেন।

অন্য বিদ্যালয় নেতৃত্বদের সঙ্গে আপনার উদ্বেগ ভাগ করে নেওয়া বিশেষভাবে প্রয়োজনীয় এটা দেখার জন্য যে সম্ভাব্য সমস্যার কোন সহায়ক সমাধান বা অন্য ধরনের প্রমাণ তাদের কাছে রয়েছে কিনা।

# 3 প্রমাণ সংগ্রহের সঙ্গে জড়িত অসুবিধা

এখন নিচের দুটি কেস স্টাডি পড়ুন, এবং সেগুলোর সঙ্গে সম্পর্কিত অ্যাক্টিভিটিগুলো সম্পন্ন করুন। খারাপ কর্মসম্পাদন ক্ষমতার জন্য প্রমাণ সংগ্রহ করা যে কতটা কঠিন হতে পারে এগুলি সেটা দেখায়।

## কেস স্টাডি 2: শিক্ষার্থীদের বইয়ে মিঃ রাউলের পর্যালোচনা

বিদ্যালয় নেতৃত্ব মিঃ রাউল বিদ্যালয়ের শিক্ষাদান ও শিক্ষালাভের রীতি সম্বন্ধে প্রমাণ সংগ্রহ করার ব্যাপারে তার অসুবিধা মিসেস চাডহা, তাঁর ডেপুটি, যিনি অসুস্থতা থেকে সবে কাজে ফিরেছেন তাঁর সঙ্গে শেয়ার করেছেন। তিনি মিসেস চাডহাকে স্মরণ করিয়েছেন যে অসুস্থতার কথা জানানোর একদিন আগে তিনি সমস্ত শিক্ষককে শিক্ষার্থীদের শ্রেণির কাজ ও বাড়ির কাজের নমুনা সংগ্রহ করতে বলেছিলেন। তিনি অভিযোগ জানালেন 'আমি তাদের প্রত্যেকের কাছ থেকে এটি পাওয়ার জন্য ক্রমাগতভাবে দু'সপ্তাহ অনুরোধ করেছি তারপর এটা পেয়েছি'। এটা আরও অনেক সহজ হত যদি আমি আপনাকে এটা সংগঠিত উপায়ে করতে বলতাম। আমার মনে হয় আপনি বললে তাঁরা আরও সহজে সেটা করে।'

আশ্চর্য হয়ে মিসেস চাডহা জিজ্ঞাসা করলেন কিসের জন্য তাঁর বইয়ের প্রয়োজন। মিঃ রাউল বললেন তিনি বইগুলো দেখেছেন এবং কাজগুলো পরীক্ষা করা হয়েছে কিনা ও মতামত হিসেবে শিক্ষার্থীরা কোন ধরনের মন্তব্য পেয়েছে তা রেকর্ড করেছেন। মিসেস চাডহা জিজ্ঞাসা করলেন, তিনি শিক্ষকদের সঙ্গে তাঁর বইয়ের প্রয়োজনের কারণ শেয়ার করেছেন কিনা। মিঃ রাউল বললেন তিনি করেছেন।

'বেশ', মিসেস চাডহা বললেন। 'এটা হতে পারে যে, আপনার সংগ্রহ করা তথ্য কিভাবে আপনি ব্যবহার করবেন সে বিষয়ে তাঁরা উদ্বিগ্ন।'

মিঃ রাউল বললেন তিনি সে বিষয়ে সচেতন, কিন্তু মিথ্যা অজুহাত দেখিয়ে তিনি বই নিতে চাননি। মিসেস চাডহা তাঁর সঙ্গে একমত হলেন যে সেটা করা ঠিক হবে না, কিন্তু পরামর্শ দিলেন তিনি আরও কিছু আত্মবিশ্বাসী শিক্ষকদের সঙ্গে নিয়ে শুরু করতে পারতেন। বিদ্যালয়ের নেতৃত্বদের সঙ্গে আলোচনা খুব প্রয়োজনীয় ও আকর্ষণীয় এই কথা আরও বেশী করে জানালে আরও বেশী শিক্ষক তাদের বই তাঁর কাছে আনতে সাহস পেতেন। মিঃ রাউল মাথা নাড়ান এবং বললেন যে তিনি ব্যাপারটা বুঝেছেন: কাজের একটা নতুন পদ্ধতি শুরু করার সময় সমস্ত শিক্ষকের জন্য অপেক্ষা করার চেয়ে কিছু সংখ্যক শিক্ষক দিয়ে শুরু করা ভাল হবে।

'শ্রেণি পর্যবেক্ষণ করার মাধ্যমে বইয়ে আমি যা পেয়েছি আমি তা নিশ্চিত করতে চাই, হয়তো এখন আমার এই পরামর্শ নেওয়া উচিত। আমি হয়তো মিসেস চক্রকোড়ির শ্রেণি পর্যবেক্ষণের মাধ্যমে শুরু করতে পারি। তিনিই হলেন প্রথম যিনি তাঁর শিক্ষার্থীদের বই আমাকে দিয়েছিলেন।'

মিসেস চাডহা সম্মত হলেন যে মিসেস চক্রকোড়ি তাঁর শ্রেণিতে মিঃ রাউলকে পেয়ে খুশি হবেন, কারণ তিনি জানেন উনি কেন এসেছেন।

'হয়তো,' তিনি চিন্তিতভাবে বললেন, 'এমনকি এটা আরও ভাল হত যদি আপনি তাঁর সঙ্গে আপনার শিক্ষার্থীদের বই শেয়ার করতেন এবং আপনি যখন শিক্ষাদান করেন তখন তাঁকেও এসে দেখার জন্য বলতেন।'

মিঃ রাউল হাসলেন এবং বললেন মিসেস চক্রকোড়ি সেটা পছন্দ করবেন – এবং অন্য শিক্ষকরাও তাই করবেন! তিনি মিসেস চাডহার প্রশংসা করে বললেন, 'সমস্যা মোকাবিলা করার জন্য আপনার কাছে বেশ কিছু আকর্ষণীয় উপায় রয়েছে'।



**চিত্র 2** প্রমাণ সংগ্রহ করা।

## অ্যাক্টিভিটি 4: আপনি কিভাবে প্রমাণ সংগ্রহ করেন তা পরিবর্তন করা

কেস স্টাডি 2 পড়ে আপনি কি অ্যাক্টিভিটি 3 এ আপনার কোন পরিকল্পনা বা পদ্ধতিতে পরিবর্তন করবেন? আপনি হয়তো বুঝতে পেরেছেন যে এটা সংগৃহীত তথ্যের থেকেও সেটা সংগ্রহ করার উপায় সম্বন্ধে গুরুত্ব আরোপ করেছে – আপনি কিভাবে মানুষকে অবহিত করেন এবং তাদের কতটা অরক্ষিত বোধ করান।

কিভাবে আপনি প্রমাণ সংগ্রহ করবেন সেটা সম্পর্কে খানিকটা চিন্তা ভাবনা করা মূল্যবান হতে পারে। উদাহরণ স্বরূপ,আপনি চিন্তা করতে চাইতে পারেন যে আপনি আপনার শ্রেণিকক্ষ পর্যবেক্ষণে কতক্ষণ সময় ব্যয় করেছেন – শিক্ষকের পাঠ খুব বেশী বিঘ্নিত না করে পর্যবেক্ষণের জন্য সাধারণত দশ মিনিট সময় যথেষ্ট।

বিদ্যালয়ে প্রমাণ সংগ্রহ শুরু করলে কী করবেন এবং কী করবেন না তার একটা তালিকা আপনার শিখন দিনলিপিতে প্রস্তুত করুন।

## কেস স্টাডি 3: মিসেস বৈদ্য গণিত পরীক্ষার নম্বর বিশ্লেষণ করেন

বিদ্যালয় নেতৃত্ব মিসেস বৈদ্য মধ্য-পর্বের পরীক্ষার ফলাফল দেখেছেন। তিনি শিক্ষার্থীদের গণিতে কর্মসম্পাদন ক্ষমতার বিষয়ে স্টাফরুমের আলোচনা শুনেছেন। শ্রী শর্মা, একজন গণিতের শিক্ষক অবজ্ঞা করে বলেন যে একাদশ শ্রেণির খুব কম সংখ্যক মেয়ে গণিত বোঝে এবং সতর্ক করেন যে, বাকিদের চূড়ান্ত পরীক্ষায় পাস করানোর চেষ্টা করা সত্যিই খুবই কঠিন হয়ে যাবে।

মিসেস বৈদ্য তাঁর উদ্বিগ্ন থাকার কারণ বুঝতে পারেন – অর্ধেকের বেশী শিক্ষার্থীর পরীক্ষার প্রাপ্ত নম্বর 100 এর মধ্যে 5 থেকে 45 এর মধ্যে ছিল। তিনি তখন অন্যান্য শ্রেণির গণিতের ফলাফলের দিকে তাকালেন। নবম শ্রেণি খুব ভাল করেনি, কিন্তু দশম ও দ্বাদশ শ্রেণি ভাল করেছে। তিনি নিজেকে প্রশ্ন করেছিলেন যে বছরের শেষের সর্বজনীন পরীক্ষার প্রস্তুতির জন্য তারা সবাই ব্যক্তিগতভাবে টিউশন গ্রহণ করেছে এটা তার প্রমাণ কিনা; তাঁকে শিক্ষার্থীদের থেকে জানতে হবে।

কিছু প্যাটার্ন তাঁর কাছে স্পষ্ট হয়ে ওঠে। উদাহরণস্বরূপ প্রতিটি শ্রেণির সর্বোচ্চ নম্বর স্পষ্টত খুব ভাল ছিল। তাদের নম্বর 100 এর মধ্যে 90 থেকে 100-এর ভেতর ছিল। তারপর 80 থেকে 90 এর নম্বরে দৃশ্যমান ব্যবধান ছিল। শ্রেণির প্রায় এক পঞ্চমাংশ 60 থেকে 80 এর মধ্যে নম্বর পেয়েছে, অন্য পঞ্চমাংশ 40 থেকে 60 এর মধ্যে নম্বর পেয়েছে।

তিনি তাঁর হাইলাইট করার সবুজ কলম তুলে নিলেন এবং যে শিক্ষার্থীরা ভাল করেছে তাদের চিহ্নিত করা শুরু করলেন। যে শিক্ষার্থীরা 100 এর মধ্যে 35 এর কম নম্বর পেয়েছে তিনি তাদের জন্য লাল ব্যবহার করলেন। তিনি একজন গণিতের শিক্ষকের সঙ্গে গুরুত্বপূর্ণ আলোচনা করতে যাচ্ছিলেন এবং তিনি নিশ্চিত ছিলেন যে, তাঁর খুব শক্তিশালী সংখ্যাগত তথ্য প্রয়োজন হবে। সংখ্যাগত তথ্যের সঙ্গে শেষ বিভাগটিতে থাকা দুর্বল শিক্ষার্থীদের সংক্ষিপ্ত বিবরণও তিনি তৈরি করলেন। তারপর, শিক্ষকদের সহায়তায় শিক্ষার্থীদের সেই স্থানগুলো চিহ্নিত করলেন যেখানে শিক্ষার্থীরা দুর্বল ছিল, সেই সঙ্গে সেইগুলোও যেখানে তারা শক্তিশালী ছিল। পূর্ব-সম্পন্ন এই কাজ তাকে দুর্বল শিক্ষার্থীদের জন্য বিদ্যালয় ছুটির পরের কর্মসূচি গঠনে সাহায্য করবে। এটা করার ফলে যে পার্থক্য তৈরি হয় তা তিনি বিজ্ঞানের খাতায় দেখেছেন; নির্দিষ্ট ক্ষেত্রে মনোনিবেশ করে সহায়তা দান করার ফলে পদার্থবিজ্ঞানের ফলাফলে ইতিমধ্যেই সুফল পাওয়া গেছে।

### অ্যাক্টিভিটি 5: একাধিক শ্রেণি থেকে কমপক্ষে দু’ধরনের প্রমাণ সংগ্রহ করা

কেস স্টাডি 2 ও 3 এর কিছু উদাহরণের উপর নির্ভর করে, একাধিক শ্রেণি থেকে শিক্ষার্থীদের শেখার উপর কমপক্ষে দু’ধরনের উদাহরণ সংগ্রহ করুন। এই প্রমাণের একটা কপি আপনি রেখেছেন সে বিষয়ে নিশ্চিত হন। এই অ্যাক্টিভিটি আপনার বিদ্যালয়ে শিক্ষকদের কর্মসম্পাদনের ক্ষমতা নিরীক্ষণ প্রক্রিয়া শুরু করতে সাহায্য করবে।

লক্ষ্য করেছেন এমন কোন অপ্রত্যাশিত প্যাটার্ন সম্পর্কে আপনার শিখন দিনলিপিতে লিখে রাখুন। নোট রাখার সময়, আপনার প্রত্যাশা থেকে পদ্ধতিটি বেশী সহজতর না কঠিনতর ছিল এবং আপনার অপ্রত্যাশিত কোনও সমস্যা দেখা দিয়েছিল কি না তা বিবেচনা করুন। আপনার চিন্তাভাবনা রেকর্ড করুন – যদি আপনার সুযোগ থাকে তবে আপনার সহকর্মীর সঙ্গে আলোচনা করার জন্য এই বিষয়গুলো প্রয়োজন হবে।

**আলোচনা**

আবার, আমরা জানি না আপনি কী প্রমাণ সংগ্রহ করেছেন বা কী অপ্রত্যাশিত প্যাটার্ন আপনি লক্ষ্য করেছেন। যাই হোক, এটা মনে রাখা গুরুত্বপূর্ণ যে সম্ভবত এটা তদন্তের সম্পূর্ণ প্রক্রিয়ার শুধুমাত্র একটি অংশ। এটা প্রায়শই হয় যে অনানুষ্ঠানিক পর্যবেক্ষণ যা সমগ্র ছবি প্রদান করে না – এবং এমনকি দুটি পৃথক প্রমাণের সঙ্গেও ছবিটা আংশিক হয়।

# 4 মতামত প্রদান

ডেটা সংগ্রহ করা আপনার শিক্ষকদের জন্য একটা সংবেদনশীল বিষয় হতে পারে; গঠনমূলক মতামত প্রদান সমান স্পর্শকাতর হতে পারে। যদিও আপনি একজন কর্মসম্পাদন ক্ষমতায় ঘাটতি থাকা শিক্ষককে মতামত দেওয়ার প্রতি অধিক অগ্রাধিকার দেখাতে পারেন, তবে সেই শিক্ষক যিনি ভাল করছেন, তাঁকে ইতিবাচক মতামত প্রদান করাও সমান গুরুত্বপূর্ণ, যাতে তাঁরা জানতে পারেন তাদের কর্ম রীতির কোন জিনিসটা আপনি কদর করেন। আপনার শিক্ষকদের প্রেরণা দান করা ও আরও চেষ্টা করতে উৎসাহিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। শিক্ষকদের কাছে মূল্যবান হওয়ার জন্য আপনার ইতিবাচক মতামত সুনির্দিষ্ট ও পর্যবেক্ষণের উপর ভিত্তি করে হওয়া উচিত, উদাহরণস্বরূপ:

- ‘শিক্ষার্থীদের প্রতি আপনার নির্দেশাবলী খুব স্পষ্ট এবং আমি লক্ষ্য করেছি তাদের গ্রুপে কাজ করার সময় আপনি আরও পরামর্শ প্রদান করেন।’
- ‘আমি লক্ষ্য করেছি আপনি শ্রেণিকক্ষে নতুন প্রদর্শনী লাগিয়েছেন। আমি সত্যিই মনে করি এটা শিক্ষার্থীদের তাদের নিজেদের কাজ সম্পর্কে গর্ববোধ করতে উৎসাহিত করবে।’

- ‘আমি শুনেছি বারান্দায় দুজন শিক্ষার্থী আপনার গণিত পাঠের বিষয়ে কথা বলছিল – তারা একটা সমস্যার সমাধান করার চেষ্টা করেছিল যা আপনি দিয়েছেন এবং আমি বুঝতে পারছিলাম যে আপনি সত্যিই তাদের অনুপ্রাণিত করছেন।’
- ‘এই বছর আপনার শ্রেণিতে মেয়েদের পরীক্ষার ভাল ফলাফলের হার 25 শতাংশ বেড়েছে – অভিনন্দন!’

কম ইতিবাচক মতামত দান করতে আপনার আরও অসুবিধা হতে পারে – কিন্তু যখন প্রমাণের উপর আপনার মতামতের ভিত্তি থাকবে, তখন এটা অনেকখানি সাহায্য করতে পারে। কেস স্টাডি 4 এবং অ্যাক্টিভিটি 6 প্রমাণ-সংগ্রহ করার প্রক্রিয়া এবং কিভাবে একজন কর্মসম্পাদনের ঘাটতি সম্পন্ন শিক্ষককে মতামত দিতে হবে তা দেখায়। উভয়ই আপনাকে উপযুক্ত মতামত প্রদানের জন্য কিভাবে প্রস্তুতি নিতে হবে তা বিবেচনা করতে সাহায্য করবে।

## কেস স্টাডি 4: বিদ্যালয় নেতৃত্ব খান একজন শিক্ষকের সম্বন্ধে প্রমাণ সংগ্রহ করেন

এক বৃহস্পতিবার বিদ্যালয় নেতৃত্ব, মিঃ খান বিদ্যালয়ের চারিদিকে যেমন হাঁটেন সেভাবে হাঁটছিলেন। গত সোমবার তিনি স্থির করেছিলেন যে সেই সপ্তাহে তিনি ‘শ্রেণি শুরু’ সম্বন্ধে প্রমাণ সংগ্রহ করবেন। পাঠ পরিবর্তনের জন্য ঘন্টা বেজে উঠার দু’মিনিট আগে তিনি বারান্দায় দূরে তাঁর জায়গা করে নিলেন যেখান থেকে উভয় শ্রেণিকক্ষের বারান্দার সমস্ত অ্যাক্টিভিটি দেখতে পারেন। ঘন্টা বেজে উঠার পর, তিনি দেখলেন শিক্ষক ও শিক্ষার্থীরা শ্রেণি থেকে বের হয়ে তাদের নতুন পাঠ যে শ্রেণিতে হবে সেখানে ঢুকছে।

আজ, মিঃ খান একজনকে খুঁজছেন যাকে তিনি প্রতিদিন লক্ষ্য করেছেন যে তিনি শ্রেণিতে যেতে অনেক সময় নেন এবং শ্রেণি থেকে বের হতে অনেক সময় নেন। এটা হলেন মিঃ মেহতা, হিন্দির শিক্ষক। এবং অন্য দিনের মত, তিনি দেখছেন একজন শিক্ষক মিঃ মেহতা বের না হওয়া পর্যন্ত বাইরে পাঁচ মিনিট অধৈর্যভাবে অপেক্ষা করছেন। মিঃ খান দেখলেন মিঃ মেহতা ধীর গতিতে বারান্দায় হাঁটছেন। তিনি যে শ্রেণিগুলো অতিক্রম করেছেন তার একটিই হল যেখানে প্রকৃতপক্ষে তাঁর যাওয়া প্রয়োজন ছিল কিন্তু তিনি সেখানে গেলেন না। তিনি হেঁটে সোজা স্টাফরুমে চলে গেলেন।

পাঁচ মিনিট পরে, মিঃ মেহতা ঘুরতে ঘুরতে স্টাফরুম থেকে বের হয় শ্রেণির দিকে এলেন, সেখানে এত শব্দ হচ্ছিল যে পাশের শ্রেণিগুলো শব্দ দূর করতে দরজা বন্ধ করে দিয়েছিল – তাদের শ্রেণিকক্ষে বায়ুচলাচল বন্ধ হয়ে যাচ্ছিল তা সত্ত্বেও।

মিঃ মেহতাকে অনুসরণ করে মিঃ খান শ্রেণিতে ঢুকলেন। তিনি শ্রেণিকক্ষের পেছন দিকে হেঁটে গেলেন, সাধারণত তিনি যেরূপ করেন, এবং শিক্ষার্থীরা অবিলম্বে তাঁর জন্য জায়গা করে দিল। তিনি একজন শিক্ষার্থীর টেবিলের সামনে রাখা বইয়ের দিকে তাকালেন – পরবর্তী পাঠের বিজ্ঞানের বাড়ির কাজ করতে তারা ব্যস্ত ছিল। মিঃ মেহতা এই নির্দেশাবলী দিয়ে শ্রেণি শুরু করলেন যে তাদের হিন্দি বাড়ির কাজ অবিলম্বে জমা করতে হবে। তিনি তারপর শিক্ষার্থীদের যারা হিন্দি বিষয়ে বাড়ির কাজ জমা দেয়নি তাদের দাঁড়াতে বললেন। প্রায় অর্ধেক শ্রেণি উঠে দাঁড়াল। মিঃ খান ঘড়ি দেখলেন – পাঠের 20 মিনিট সময় পার হয়ে গিয়েছিল। বাড়ির কাজের প্রয়োজনীয়তার বিষয়ে শিক্ষার্থীদের প্রতি মিঃ মেহতার উপদেশ সাধারণের চেয়ে দীর্ঘ ছিল। মিঃ খান শ্রেণির অন্যান্য শিক্ষার্থীদের দিকে দেখলেন যারা তাদের বাড়ির কাজ জমা দিয়েছিল। তিনি দেখতে পারছিলেন তারা অস্থির ও অধীর হয়ে যাচ্ছিল। তিনি শান্তভাবে শ্রেণি থেকে বেরিয়ে গেলেন এবং কঠিন কথোপকথনের জন্য নিজেকে প্রস্তুত করে নিয়ে তাঁর কক্ষে প্রবেশ করলেন।

আপনার সম্পদ 1 ‘নিরীক্ষণ ও মতামত দেওয়া’ এই বিষয়ে দেখা সহায়ক হতে পারে। আপনার শিক্ষকদের নিকট এই পদ্ধতির একটা সুস্পষ্ট সমান্তরাল সম্পর্ক রয়েছে।



**চিত্র 3** কর্মসম্পাদন ক্ষমতার ঘাটতি সহ একজন শিক্ষককে আপনি কিভাবে মতামত দেবেন?

## অ্যাক্টিভিটি 6: কর্মসম্পাদন ক্ষমতার ঘাটতি সহ একজন শিক্ষককে মতামত প্রদান করা

আপনি মিঃ মেহতার নিকট মতামত প্রদান করার জন্য কিভাবে এগিয়ে যাবেন সেই বিষয়ে ভাবুন। এগুলোর উপর কিছু নোট তৈরি করুন:

- কিভাবে আপনি কথোপকথন শুরু করবেন
- যে প্রধান বিষয় আপনি উত্থাপন করতে চান।

মনে রাখবেন, আপনার মতামতের কাঠামো এই ভাবে তৈরি করে নেওয়া ভালো যাতে আপনি ইতিবাচক কিছু দিয়ে শুরু করেন ও বিষয়ে উন্নতি করতে একটা পরিকল্পনা নিয়ে শেষ করেন। শেষে মনোনিবেশ করার জন্য একটা ইতিবাচক লক্ষ্য পরবর্তী বৈঠক সম্বন্ধে সবাইকে সম্মত হতে সাহায্য করতে পারে।

**আলোচনা**

এই পর্যবেক্ষণের একটা ইতিহাস থাকতে পারে যা আমাদেরকে কেস স্টাডি 4 এ বলা হয়নি, যেমন পূর্ববর্তী উচ্চ কর্মসম্পাদন ক্ষমতা বা একটা সাম্প্রতিক পারিবারিক শোক; কিছু একটা যা মিঃ খান জানেন এবং তাঁর মতামতের হিসাবের মধ্যে নিতে চান।

সেই সম্ভাব্য ঘটনাগুলোর কোনটা আমরা এখন পরিকল্পনা করতে পারি না, কিন্তু একটা ভদ্রোচিত শুরু সর্বদা যুক্তিযুক্ত। সম্ভবত 'আমি সেইদিন পাঠের শুরু সম্পর্কে যা পর্যবেক্ষণ করেছি সে ব্যাপারে আমাকে বলুন' দিয়ে শুরু করা বা অনুরূপ কিছু, যাতে কেন এটা আদর্শ ছিল না বা সেই দিনটায় কী পৃথক ছিল সেটা ব্যাখ্যা করার জন্য শিক্ষকদের কাছে একটা সুযোগ থাকে।

বিশেষ করে পাঠের শুরুর বিষয়ে শিক্ষককে উদ্বিগ্ন মনে না হলে – প্রাথমিক শুরুর পরে, বৈঠকে একটু বিস্তারিত ভাবে পর্যবেক্ষণ পরীক্ষা করা যেতে পারে। এই সমস্ত শিক্ষার্থীর জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় হল তাদের শিক্ষালাভের জন্য সময়ের অপচয় পাঠ দেরীতে শুরু হয়েছিল, সেটাতে সবার মনোনিবেশ করতে সময় গেছে এবং তারপরে বাড়ির কাজ সম্বন্ধে বক্তৃতা ছিল, সবকিছুই মূল্যবান শেখার সময় নিয়ে নিয়েছে। শিক্ষককে মতামত দেওয়ার জন্য এটা একটা উপযুক্ত একক কেন্দ্রবিন্দু হতে পারে: কীভাবে শেখার সময় বৃদ্ধি করা যায় ও সেটা ঘটতে দেওয়ার জন্য ইতিমধ্যে পর্যবেক্ষণ করা আচরণ পরিবর্তন করার প্রয়োজনীয়তা।

আপনার মনে রাখা উচিত আপনার নিজের শিক্ষকদের সঙ্গে কথা বলার সময় আপনার মতামতের পরিকল্পনার জন্য সময় না নেওয়ার পেছনে কোন কারণ নেই। মতামত প্রদান করা হল দক্ষতা যা সময় ও অভ্যাস করার সাথে উন্নত হয়, সুতরাং আগে থেকে কিছু নোট তৈরি করা প্রকৃতপক্ষে আপনাকে সুনির্দিষ্ট ও যথাযথ হতে সাহায্য করবে।

মুরলীধরন এবং সুন্দররমন (2010) এর গবেষণার রিপোর্টে তাঁরা পেয়েছেন যে, শুধুমাত্র শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতার উপর মতামত প্রদান করাই যথেষ্ট ছিল না – যদিও সেখানে দেখা গিয়েছিল যে তাদের শ্রেণি অন্যান্য শ্রেণির মত তত ভালো কর্মসম্পাদন করছিল না। শিক্ষকরা তাদের শিক্ষাদানের আচরণ পরবর্তী শ্রেণিকক্ষের পর্যবেক্ষণ সেশনে পরিবর্তন করেন, কিন্তু শিক্ষার্থীদের ফলাফলে

কোন উন্নতি পরিলক্ষিত হয় না। তারা এই বলে শেষ করেন যে শিক্ষকদের আচরণ স্থায়ীভাবে পরিবর্তন করতে আরও বেশী উচ্চতর ইনপুট, প্রেরণা বা উৎসাহ প্রয়োজন।

এই উচ্চতর ইনপুট যা শিক্ষার্থীদের ফলাফলে উন্নতি করে বলে দেখা গেছে, সেটা প্রদান করার একটা উপায় হল আপনার শিক্ষকদের প্রশিক্ষণ দেওয়া। *আপনার শিক্ষকদের উন্নয়ন: প্রশিক্ষণ ও পরামর্শদান* ইউনিটে প্রশিক্ষণ সম্পর্কে আপনি আরও বেশি শিখতে পারেন। নতুন জ্ঞান বা দক্ষতা কিভাবে বিকশিত করতে হবে সেই সম্পর্কে কোন পরিকল্পনা তৈরি করতেও আপনি আপনার কোনও শিক্ষকদের সঙ্গে কাজ করতে পারেন। অ্যাক্টিভিটি 7 আপনাকে একটা কর্ম পরিকল্পনা সম্পর্কে ভাবতে বলে যা নিরীক্ষণ করা হবে।

## অ্যাক্টিভিটি 7: একটা কর্ম পরিকল্পনা তৈরি করা

উপরে উল্লিখিত সুন্দররমন ও মুরলীধরনের গবেষণার (2010) কথা চিন্তাভাবনা করে, মনে করুন আপনি কেস স্টাডি 4 এর মিঃ খান। মিঃ মেহতাকে তাঁর শ্রেণিকক্ষের নিম্নমানের কর্মসম্পাদন ক্ষমতা কাটিয়ে উঠতে সক্ষম করার জন্য আপনি তাঁর সঙ্গে যে সব পদ্ধতিতে কাজ করতে পারেন সেগুলির ওপর একটা কর্ম পরিকল্পনা তৈরি করুন। কিভাবে এই কর্ম পরিকল্পনা শিক্ষকের উন্নতিতে সাহায্য করবে এবং কিভাবে এটা আপনি ও মিঃ মেহতার নিজের দ্বারা সংবেদনশীলতার সাথে নিরীক্ষিত হবে সেই সম্পর্কে চিন্তা করুন। এই কেস স্টাডি অ্যাক্টিভিটিগুলি আপনার দক্ষতা অভ্যাস করার জন্য যা আপনি আপনার বিদ্যালয়ের পরিবেশে ও আপনার নিজস্ব শিক্ষকদের ওপরও প্রয়োগ করতে পারেন।

**আলোচনা**

- এটা সৃষ্টিশীল হওয়ার একটা সুযোগ হতে পারে। পাঠ চলাকালীন মিঃ মেহতা যদি শারীরিক কারণে স্টাফরুমে চলে এসে থাকেন, তাহলে পাঠের শুরুতে একজন নিরীক্ষণকারী রাখলেন না কেন যে পাঠের শুরুতে ওয়ার্কশীট বা বই বিতরণ করবে, এবং তিনি যোগ দেওয়ার আগে শিক্ষার্থীদের শুরু করাবে?
- শিক্ষাদানের জন্য কিছু টিম ঠিক করা কি সম্ভব যাতে ভালভাবে পাঠ শুরু করার জন্য অন্য একজন শিক্ষক থাকবেন? প্রশিক্ষণ বা পরামর্শদান থেকে মিঃ মেহতা কি কোন সুবিধা পাবেন?
- এই পরিকল্পনাটিতে অন্তর্ভুক্ত করা হতে পারে পরবর্তী পর্যবেক্ষণ, স্পষ্ট লক্ষ্য ও অগ্রগতি নিয়ে আলোচনার জন্য কারও সঙ্গে নিয়মিত বৈঠক।

পরবর্তী কার্যকলাপে একজন শিক্ষক যিনি ভাল কাজ করছেন তাঁকে আপনি মতামত প্রদান করতে যাচ্ছেন। এটা হতে পারে একজন শিক্ষক যার সম্পর্কে আপনি আগে থেকে প্রমাণ সংগ্রহ করেছেন বা এটা নতুন পর্যবেক্ষণ হতে পারে। শিক্ষকের খ্যাতির উপর ভিত্তি করে অনুমান করে নয় বরং আপনি এই কার্যকলাপে যে প্রমাণ ব্যবহার করছেন সে সম্পর্কে নিশ্চিত হন।

## অ্যাক্টিভিটি 8: একজন শিক্ষক যিনি ভাল কর্মসম্পাদন করছেন তাকে মতামত প্রদান

একজন শিক্ষক সম্বন্ধে বিবেচনা করুন যাকে আপনি একটা চমৎকার আকর্ষনীয় পাঠ বিষয়ে শিক্ষাদান করার সময় পর্যবেক্ষণ করেছেন। পাঠের কোন নির্দিষ্ট বিভাগ বা এই শিক্ষকের কাজের কোন বিশেষ দিক নির্বাচন করুন যা আপনি মনে করেছেন যে বিশেষভাবে ভাল। আপনি যে মতামত প্রদান করতে চান সে সম্পর্কে ভালভাবে চিন্তা করুন এবং সেই মতামতকে সমর্থন করার জন্য আপনার উপযুক্ত প্রমাণ রয়েছে সে বিষয়ে নিজেকে আশ্বস্ত করুন।

আপনার মতামতে আপনাকে এগুলি করতে হবে:

- তাদের কাছে অ্যাক্টিভিটি বা দিকটি বর্ণনা করা
- আপনার বিচারে অ্যাক্টিভিটিটি কেন উচ্চ গুণমানের তা প্রদান করা

- প্রমাণের সহায়তায় প্রশংসা করা
- যার উপর ভিত্তি করে আপনার আলোচনা সেই প্রাসঙ্গিক মানদণ্ড নির্বাচন করা এবং ব্যবহার করুন।

আপনি যা বলতে যাচ্ছেন তার পরিকল্পনা এবং সভার পরিবেশ পরিকল্পনা করুন। বৈঠক চলাকালীন আপনি শিক্ষককে কিভাবে তার উন্নত চর্চার পদ্ধতি অন্যদের মধ্যে বা তার শিক্ষাদানের অন্যান্য অংশে প্রসারিত করতে পারেন তা নিয়ে চিন্তা ভাবনা করতে বলতে পারেন।

শিক্ষকদের দ্বারা মতামত কিভাবে গৃহীত হয়েছে বলে আপনি মনে করেন সেই বিষয়ে বৈঠকের পর আপনার শেখার দিনলিপিতে নোট তৈরি করুন। আপনি কোন আচরণগুলো পর্যবেক্ষণ করেছিলেন যা আপনাকে সেই সিদ্ধান্তে পৌঁছতে সাহায্য করেছে? বৈঠক চলাকালীন ও বৈঠকের পরে আপনি কেমন অনুভব করেছেন সেই সম্পর্কেও নোট তৈরি করুন। যদি আপনার আস্থাভাজন সহকর্মী থাকেন তবে এটা নিয়ে আপনি তাদের সঙ্গে আলোচনা করতে পারেন।

**আলোচনা**

আশা করি বৈঠক ভাল হয়েছিল এবং আপনার প্রশংসা ভালভাবে গৃহীত হয়েছিল। আপনার বিদ্যালয়ে শিক্ষকদের সঙ্গে আয়োজন করা এই সভাটি আপনার প্রথম হয়ে থাকলে আপনি ও আপনার শিক্ষক উভয়েই উদ্বেগে থাকতে পারেন। কর্মসম্পাদন ক্ষমতা বিষয়ে কথোপকথন ইতিবাচক হলেও করা কঠিন হয়। কথোপকথনকে একটা উদ্দেশ্যমূলক, পেশাদারী স্তরে রাখার জন্য ব্যবহৃত মানদণ্ড খুবই গুরুত্বপূর্ণ। তারা ব্যক্তি হিসাবে কেমন তার ওপর না হয়ে মতামত তাদের কর্মসম্পাদন ক্ষমতার উপর হওয়া গুরুত্বপূর্ণ।

# 5 চলমান অনুশীলন হিসাবে প্রমাণ-সংগ্রহ করা, মতামত দেওয়া ও শিক্ষকদের উন্নয়ন

এই ইউনিটে কাজ করার মাধ্যমে আপনি জানবেন যে নিম্নমানের কর্মসম্পাদন ক্ষমতাসম্পন্ন কোন শিক্ষকের জন্য প্রমাণ-সংগ্রহ, মতামত ও অতিরিক্ত সহায়তা প্রদান অত্যন্ত সময়-সাপেক্ষ এবং মানসিক কষ্টসাধ্য অনুশীলন।

প্রমাণ-সংগ্রহ করা, মতামত ও শিক্ষকদের উন্নয়ন সবথেকে ভাল কাজ করে যখন এটা চলমান অনুশীলনের অংশ হয়। এটা কর্মসম্পাদনের ঘাটতি অলক্ষিত হওয়ার সম্ভাবনা কমায় ও সামগ্রিকভাবে কর্মসম্পাদন ক্ষমতার স্তর উন্নত করতে পারে। যিনি সমস্ত প্রমাণ-সংগ্রহ করবেন ও মতামত দেবেন তাঁকে যে বিদ্যালয় নেতৃত্ব হতে হবে তা নয়; এটা শিক্ষকদের মধ্যে তাদের উন্নয়নের প্রক্রিয়ার অংশ হিসাবেও ভাগ করে নেওয়া যেতে পারে।

ভিডিও: বিদ্যালয়ের নেতৃত্ব – শিক্ষকদের নেতৃত্ব দেওয়া

## অ্যাক্টিভিটি 9: শিক্ষাদানের নিয়মিত পর্যালোচনা

আপনার নিজস্ব বিদ্যালয়ের মধ্যে শিক্ষাদানের একটা দিকের নিয়মিত পর্যালোচনার জন্য একটি পরিকল্পনা করুন। এটা পাঠের শুরু, বাড়ির কাজ ঠিক করা বা শিক্ষার্থী-শিক্ষকের সম্পর্কের বিষয়ে হতে পারে।

এখানে অনেক বিষয় রয়েছে যা আপনি কেন্দ্রবিন্দু হিসাবে বেছে নিতে পারেন – শিক্ষাদানের কোন দিক সম্পর্কে আপনি পর্যালোচনা

করতে চান সেগুলো শনাক্ত করার জন্য আপনাকে সাহায্য করতে TESS-INDIA কর্তৃক প্রস্তুত মূল সম্পদগুলো আপনি ব্যবহার করতে পারেন। শিক্ষকদের জন্য পুস্তিকা হিসাবে আপনি সম্পদ 2, 'পাঠ পরিকল্পনাকরণ' ব্যবহার করতে পারেন বা এটা আপনাকে কী খুঁজতে হবে তা ঠিক করতে সাহায্য করতে পারে।

আপনি শিক্ষাদানের সেই দিক কেন বেছে নিচ্ছেন সেই সম্পর্কে আপনার শিক্ষণ দিনলিপিতে নোট তৈরি করুন ও অন্য যে দিকগুলির প্রতি ভবিষ্যতে আপনি মনোযোগ দিতে ইচ্ছুক এবং কেন সে সম্পর্কেও নোট তৈরি করুন।

এখন পরবর্তী কেস স্টাডি পড়ুন।

## কেস স্টাডি 5: এস  জে তাঁর শিক্ষকের অগ্রগতির গতিবিধি অনুসরণ করেন

সুনিতা জওহর (বা এস  জে হিসাবেই তিনি অধিক পরিচিত) যত্নের সাথে তাঁর বিদ্যালয় নেতৃত্বের দিনলিপি বজায় রাখেন। তিনি দেখেছেন যে সারা বছরের দিকে ফিরে তাকানো এবং তাঁর স্থিরীকৃত মাসিক লক্ষ্যের বিষয়ে চিন্তাভাবনা করা অমূল্য।

এই মাসে তিনি নির্ধারণ করেছেন যে তিনি শ্রেণিগুলোর সমাপ্তি পর্বের  দিকে  লক্ষ  রাখবেন তাঁর লক্ষ্য ছিল নিচের বিষয়গুলো নিশ্চিত করা:

- শিক্ষকরা বিষয়বস্তু ও ফলাফল সংক্ষেপিত করার মাধ্যমে পাঠ শেষ করবেন
- পাঠের শেষে স্থিরীকৃত বাড়ির কাজ সমস্ত শিক্ষার্থী কর্তৃক গ্রহণযোগ্য ও অর্জনসাধ্য
- সময়ের  মধ্যেই শ্রেণিকক্ষের  পঠন শেষ হওয়া।

এই লক্ষ্যগুলো একটা অভ্যন্তরীণ স্মারকের মাধ্যমে শিক্ষকদের কাছে প্রচারিত হয়েছে এবং এই কাজটি যে সমস্ত শিক্ষার্থীর শেখা উন্নতির জন্য করা হয়েছে তা স্পষ্ট করা হয়েছে। সকল শিক্ষকের স্বাক্ষর সংগৃহীত হওয়ার পর, এটা ফটোকপি করে স্টাফরুমের নোটিশবোর্ডে লাগানো হয়।

এসজে সারা সপ্তাহে পূরণ করার জন্য একটা ট্র্যাকার তৈরি করেছেন: একটা সারণি যার পাঁচটা স্তম্ভ ও সাতটা সারি রয়েছে। প্রথম স্তম্ভের শিরোনাম 'বিষয়' এবং তার নিচে 'বিজ্ঞান', 'সামাজিক বিজ্ঞান', 'গণিত', এবং তারপরে প্রতিটা ভাষা যা বিদ্যালয়ে শেখানো হয় সেগুলো তালিকাভুক্ত ছিল। অবশিষ্ট স্তম্ভের শিরোনাম নিম্নলিখিত শ্রেণিগুলোকে নির্দেশ করেছে: 'IXa', 'IXb', 'Xa' এবং 'Xb'.

সারণি পূরণ হতে শুরু করেছে। তিনি শ্রেণি IXb এর বিজ্ঞানের পাঠে শেষ দশ মিনিটে প্রবেশ করলেন ও তাঁর পর্যবেক্ষণের ফর্ম পূরণ করলেন, শুধুমাত্র সেই মাসে তাঁর লক্ষ্যে আলোকপাত করে। তিনি শ্রেণি Xa তে ইংরাজি, IXb তে হিন্দি ও IXb তে সামাজিক বিজ্ঞানের জন্য একই কাজ করলেন। এই সপ্তাহে, তিনি অবশিষ্ট 20 টা শ্রেণির পর্যবেক্ষণ সম্পন্ন করার পরিকল্পনা করেছিলেন এবং তারপরে শিক্ষকদের বৈঠকের আগে স্টাফরুমে ডেটা রেখেছিলেন। তিনি ডেটা এমনভাবে পরিকল্পনা করেছিলেন যাতে এটা কোন নাম ছাড়াই একটা পাই চার্ট হিসাবে উপস্থাপিত হয়। তবে, যে শিক্ষকগণ লক্ষ্যে পৌঁছাতে পারেননি তাঁদেরকে নিয়ে তিনি একটা বৈঠকের পরিকল্পনা করেছিলেন, তাঁর লক্ষ্য ছিল - তাদের জিজ্ঞাসা করা যে সেই লক্ষ্যে পৌঁছতে তিনি তাঁদের কিভাবে সহায়তা করতে পারেন।

তাদের একজন ইতিমধ্যেই তাঁর সঙ্গে পাঠ পরিকল্পনার জন্য আলোচনা করতে এসেছিলেন – এবং তারা পাঠ পরিচালিত করার উপায় উন্নত করতে একসাথে কাজ করেছিলেন। মিসেস নাগারাজু কর্তৃক IXb হিন্দি পাঠ সত্যিই ভালভাবে পরিকল্পনা করেছিলেন এবং পাঠের সংক্ষিপ্তসার স্পষ্ট ছিল যেখানে শিক্ষার্থীরা তাঁদের শেখা শনাক্ত করতে পেরেছিল। মিসেস নাগারাজু মতামত নিয়ে আনন্দিত হয়েছিলেন, কিন্তু অন্য সহকর্মীদের কাছে একজন আদর্শ মডেল হতে সম্মত হওয়ার আগে অল্প পরিমাণে উৎসাহের প্রয়োজন হয়েছিল। এসজে দিনের পাতার কোণে নিজেকে একটা ছোটো তারকা দিয়েছিলেন – তাঁর পরিকল্পনা কাজ করছিল। তিনি দৃঢ় সঙ্কল্প ছিলেন যে মাসের শেষে

তিনটি লক্ষ্যের সবগুলো পূরণ হবে।

তারপরে তিনি বুঝতে পারলেন যে, কিভাবে তিনি তাঁর সহকর্মীদের সঙ্গে এই সাফল্য উদযাপন করবেন সে বিষয়ে তিনি চিন্তা করেননি। তাঁর পরিকল্পনা অসম্পূর্ণ ছিল। তিনি দিনের কর্ম পরিকল্পনার জন্য চূড়ান্ত দিনলিপিতে লিপিবদ্ধ করলেন: 'আমার বাড়ির কাজ: পাঠের সংক্ষিপ্তসারের প্রয়োজনীয়তার উপর শিক্ষার্থীদের কাছ থেকে কিভাবে মতামত পাব এবং কিভাবে মতামত একত্রিত করা যেতে পারে এবং শিক্ষকদের কাছে রিপোর্ট করা যেতে পারে সেই বিষয়ে ভাবা।'

### অ্যাক্টিভিটি 10: আপনার পরিকল্পনা পুনরায় পর্যালোচনা করা

কেস স্টাডি 5 পড়ে, আপনার নিজস্ব পরিকল্পনাটি আবার দেখুন এবং আপনি কিভাবে এটাকে পরিবর্তন করতে চান তা বিবেচনা করুন। দু'জন শিক্ষকের সঙ্গে আপনার ধারণা আলোচনা করুন এবং দেখুন বাস্তবায়নের পূর্বে এটাকে পরিবর্তন করতে ইচ্ছুক হন কিনা।

প্রস্তাবিত কার্যকলাপে তাঁদের প্রতিক্রিয়া সম্পর্কে আপনার শেখার দিনলিপিতে নোট তৈরি করুন এবং ফলস্বরূপ আপনার সমস্ত কর্মীর কাছে কিভাবে এটা পরিচিত করাতে পারেন সেই ব্যাপারে ভাবুন।

# 6 সারসংক্ষেপ

শিক্ষার্থীদের যথাযথ চমৎকার শিক্ষালাভের প্রত্যাশা করার অধিকার রয়েছে কিন্তু সর্বদা তারা তা পায় না। তার বিভিন্ন ধরনের কারণ থাকতে পারে, এবং সেগুলোর মধ্যে একটা হল – শিক্ষকদের কর্মসম্পাদন ক্ষমতা –একজন বিদ্যালয় নেতৃত্বের দায়িত্ব এবং ক্ষমতার দ্বারা প্রভাবিত।

যদিও, এটা একটা প্রতিষ্ঠানে শুধুমাত্র তখনই ঘটে যখন আস্থার মানের উচ্চ হয়। ব্যক্তিদের নিজেদের মূল্য অনুভব করতে হবে এবং জানতে হবে যে এতে তাদের ব্যক্তি হিসেবে নয়, বরং তাঁদের শিক্ষাদানের আচরণ বিচার করা হচ্ছে – অন্যথায় এটা খারাপ অনুভূতি আনতে পারে ও সংঘাতের দিকে চালিত করতে পারে। সেই কারণে আরও কঠিন ক্ষেত্র মোকাবিলা করার আগে ইতিবাচক মতামত প্রদান করা অভ্যাস করা গুরুত্বপূর্ণ।

একজন শিক্ষকের শ্রেণিকক্ষের আচরণ সম্বন্ধে উদ্দেশ্যমূলক প্রমাণের ভিত্তিতে যত নিয়মিতভাবে ভাবনাচিন্তা করা হবে, তাঁদের কর্মসম্পাদন ক্ষমতা খারাপ স্তরে পতিত হওয়ার সম্ভাবনা ততই কমে যাবে – বিশেষভাবে যেখানে সহায়ক উন্নয়ন অ্যাক্টিভিটি পরিকল্পনা করা হয়। বিদ্যালয়ে পর্যবেক্ষণ ও কর্মসম্পাদন ক্ষমতার আলোচনাকে নিয়ম হিসেবে ভাবার একটা সংস্কৃতি প্রতিষ্ঠা করতে দীর্ঘ সময় লাগতে পারে – সম্ভবত এক বছরের বেশী। সুতরাং যদিও এটা শুরুতে কঠিন হতে পারে এবং আপনি কিছুটা প্রতিরোধের সম্মুখীন হতে পারেন কিন্তু আপনাকে সংবেদনশীলতা ও সততার সঙ্গে কাজ করে যেতে হবে।

এই ইউনিটটা শিক্ষণ-শিখন প্রক্রিয়া রূপান্তরিত করার মূল ক্ষেত্রের সাথে সম্পর্কিত সেট বা ইউনিট সমূহের পরিবারের একটা অংশ (ন্যাশনাল কলেজ অব বিদ্যালয়ের নেতৃত্ব-এর সাথে সঙ্গতিপূর্ণ)। আপনার জ্ঞান এবং দক্ষতা তৈরি করতে আপনি হয়ত এই গুচ্ছের অন্য ইউনিটগুলোর দিকে এর পরে নজর দিলে লাভবান হতে পারেন।

- *প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষাদান এবং শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষাদান এবং শিক্ষালাভের উন্নতিসাধনে নেতৃত্ব দেওয়া*
- *আপনার বিদ্যালয়ে মূল্যায়নে নেতৃত্ব দেওয়া*
- *শিক্ষকদের পেশাগত বিকাশে নেতৃত্ব দেওয়া*

- *পর্যবেক্ষণ ও শিক্ষাদান করা*
- *আপনার বিদ্যালয়ে কার্যকরী শেখার সংস্কৃতি গড়ে তোলা*
- *আপনার বিদ্যালয়ে অন্তর্ভুক্তিকরণে উৎসাহ দেওয়া*
- *শিক্ষার্থীদের কার্যকর শিক্ষালাভের সম্পদগুলো ব্যবস্থাপনা করা*
- *আপনার বিদ্যালয়ে প্রযুক্তির ব্যবহারে নেতৃত্ব দেওয়া।*

# সম্পদসমূহ

## সম্পদ 1: নিরীক্ষণ ও মতামত দান

শিক্ষার্থীদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিনিয়ত তাদের নিরীক্ষণ ও সাড়া দেওয়া, যাতে তারা জানতে পারে যে তাদের কাছে কী আশা করা হচ্ছে এবং কাজ সম্পূর্ণ হওয়ার পর যাতে তারা মতামত পায়। আপনার গঠনমূলক মতামতের মাধ্যমে তারা তাদের কর্মসম্পাদন ক্ষমতা উন্নত করতে পারে।

### নিরীক্ষণ

কার্যকরী শিক্ষকগণ বেশিরভাগ সময় তাঁদের শিক্ষার্থীদের নিরীক্ষণ করেন। বেশিরভাগ শিক্ষক সাধারণত, তাঁদের শিক্ষার্থীরা শ্রেণিতে কী করে তা শুনে ও পর্যবেক্ষণ করে তাদের কাজ নিরীক্ষণ করেন। শিক্ষার্থীদের অগ্রগতি নিরীক্ষণ করা গুরুত্বপূর্ণ কারণ এটা নিম্নলিখিত বিষয়গুলোতে তাদের সাহায্য করে:

- উচ্চতর গ্রেড অর্জন করতে
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা সম্পর্কে আরও সচেতন হতে এবং তাদের শেখার ক্ষেত্রে আরও দায়িত্ববান হতে
- তাদের শেখার উন্নতি ঘটাতে
- রাজ্য ও স্থানীয় প্রমিত পরীক্ষার কৃতিত্ব সম্পর্কে পূর্বাভাস দিতে।

এটা শিক্ষক হিসাবে আপনাকে আরও যে বিষয়গুলোতে সাহায্য করবে সেগুলো হলো:

- কখন কোন প্রশ্ন করতে হয় বা ধরতাই দিতে হয়
- কখন প্রশংসা করতে হয়
- চ্যালেঞ্জ করতে হবে কিনা
- একটা কাজে বিভিন্ন গ্রুপের শিক্ষার্থীদের কিভাবে যুক্ত করতে হয়
- ভুলের ক্ষেত্রে কী করা উচিৎ।

শিক্ষার্থীদের অগ্রগতির ওপর স্পষ্ট ও দ্রুত মতামত দেওয়া হলে তারা সব থেকে বেশি উন্নতি করে। নিরীক্ষণ কাজে লাগালে আপনাকে নিয়মিত মতামত দিতে, আপনার শিক্ষার্থীরা কেমন করছে এবং তাদের শিখন প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যেতে তাদের আর কী কী করা উচিৎ তা তাদের জানাতে সক্ষম করবে।

আপনি যে চ্যালেঞ্জগুলোর সম্মুখীন হবেন তার একটা হল শেখার ক্ষেত্রে তাদের নিজস্ব লক্ষ্য নির্ধারণ করতে শিক্ষার্থীদের সাহায্য করা, যা আত্ম-নিরীক্ষণ নামেও পরিচিত। শিক্ষার্থীদের, বিশেষত যারা বিশেষভাবে চেষ্টা করতে হচ্ছে, তারা তাদের নিজেদের শেখার প্রধান দায়িত্ব নিতে অভ্যস্ত নয়। কিন্তু আপনি যেকোনো শিক্ষার্থীকে একটা প্রকল্পের জন্য নিজস্ব লক্ষ্য বা উদ্দেশ্য নির্ধারণ করতে, তাদের কাজের পরিকল্পনা করতে ও সময়সীমা ঠিক করতে, এবং তাদের অগ্রগতির আত্ম-নিরীক্ষণ করতে সাহায্য করতে পারেন। এই প্রক্রিয়ার অনুশীলন এবং আত্ম-নিরীক্ষণের দক্ষতা অর্জন তাদের বিদ্যালয়ে এবং জীবনব্যাপী ভালভাবে সাহায্য করবে।

## শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা

বেশিরভাগ সময় শিক্ষার্থীদের কথা শোনা ও তাদেরকে পর্যবেক্ষণ করা শিক্ষকদের দ্বারা স্বাভাবিকভাবে হয়ে থাকে; এটা একটা সরল নিরীক্ষণ উপকরণ। উদাহরণ স্বরূপ, আপনি:

- আপনার শিক্ষার্থীদের উচ্চস্বরে পড়তে শুনতে পারেন
- জুটিতে বা গ্রুপের কাজে আলোচনাগুলো শুনতে পারেন
- শিক্ষার্থীদের বাইরে বা শ্রেণিকক্ষে সম্পদ ব্যবহার পর্যবেক্ষণ করতে পারেন
- তাদের কাজ করার সময় গ্রুপগুলোর দৈহিক ভাষা পর্যবেক্ষণ করতে পারেন।

নিশ্চিত করুন যে আপনার সংগৃহীত পর্যবেক্ষণগুলো শিক্ষার্থীদের শিখন বা অগ্রগতির প্রকৃত প্রমাণ। একমাত্র যা আপনি দেখতে, শুনতে, যাচাই করতে বা গণনা করতে পারেন সেটা নথিবদ্ধ করুন।

শিক্ষার্থীরা কাজ করার সময়, সংক্ষিপ্ত পর্যবেক্ষণমূলক নোট নেওয়ার জন্য শ্রেণিকক্ষের মধ্যে ঘুরুন। কোন শিক্ষার্থীদের আরও বেশি সাহায্য প্রয়োজন তা রেকর্ড করতে এবং কোনও সম্ভাব্য ভুল বোঝাবুঝি নোট করতে আপনি একটা শ্রেণি তালিকা ব্যবহার করতে পারেন। সমগ্র শ্রেণিকে মতামত দিতে অথবা গ্রুপ বা ব্যক্তিদের প্রণোদিত করতে বা উৎসাহ দিতে আপনি এই পর্যবেক্ষণ ও নোটগুলো ব্যবহার করতে পারেন।

### মতামত দান

মতামত হল এমন তথ্য যা কথিত লক্ষ্য অথবা আশা করা ফলাফলের পরিপ্রেক্ষিতে শিক্ষার্থী কেমন সম্পাদন করছে সে সম্পর্কে আপনি তাদের মতামত প্রদান করেন। কার্যকরী মতামত শিক্ষার্থীকে প্রদান করে:

- যা ঘটেছে সে সম্পর্কে তথ্য
- কাজ বা দায়িত্ব কতটা ভালভাবে সম্পাদিত হয়েছে তার একটা মূল্যায়ন
- তাদের কর্মসম্পাদন ক্ষমতা কিভাবে উন্নত করা যায় তার নির্দেশিকা।

আপনি যখন প্রতিটি শিক্ষার্থীকে মতামত দেন, তখন তা তাদেরকে নিচের বিষয়বস্তুগুলো জানতে সাহায্য করা উচিৎ:

- তারা প্রকৃতপক্ষে কী করতে পারে
- তারা এখনও কী করতে পারে না
- তাদের কাজ অন্যদের কাজের তুলনায় কেমন
- তারা কিভাবে উন্নতি করতে পারে।


স্মরণে রাখা গুরুত্বপূর্ণ যে কার্যকরী মতামত শিক্ষার্থীদের সাহায্য করে। আপনার মতামত অস্পষ্ট বা অন্যায্য বলে শিখন প্রক্রিয়া বাধাপ্রাপ্ত হোক তা আপনি চান না। কার্যকরী মতামত হল:

- গৃহীত কাজের উপর এবং শিক্ষার্থীর প্রয়োজনীয় শিক্ষালাভের দিকে **লক্ষ্য রেখে** করা হয়
- **স্পষ্ট ও সৎ**, শিক্ষার্থীদের শেখার কোনটা ভাল আর কোথায় উন্নতি করা দরকার তা তাদের বলা
- **কার্যে পরিণত করতে সক্ষম**, শিক্ষার্থীকে এমন কিছু করতে বলা যেটা তারা করতে পারে
- **উপযুক্ত ভাষায়** প্রদত্ত যা শিক্ষার্থীরা বুঝতে পারে
- **উপযুক্ত সময়ে** প্রদত্ত – এটা বেশি তাড়াতাড়ি দেওয়া হলে, শিক্ষার্থী ভাববে 'আমি তো সেটাই করতে যাচ্ছিলাম!'; বেশি দেরি হলে, শিক্ষার্থীর দৃষ্টি অন্যদিকে নিবদ্ধ হতে পারে এবং তাদের যা বলা হবে, তারা ফিরে গিয়ে সেটা করতে চাইবে না।

মতামত মুখেই বলা হোক বা শিক্ষার্থীর খাতায় লেখা থাক, নিম্নলিখিত নির্দেশিকা অনুসরণ করলে এটা আরও কার্যকরী হবে।

### প্রশংসা এবং ইতিবাচক ভাষা ব্যবহার

আমাদের যখন প্রশংসা করা হয় ও উৎসাহ দেওয়া হয়, তা সাধারণত আমাদের যখন সমালোচনা করা হয় বা সংশোধন করা হয় তার থেকে অনেক বেশি ভাল লাগে। উৎসাহ দান ও ইতিবাচক ভাষা যেকোন শ্রেণি এবং সব বয়সের ব্যক্তিদের জন্য প্রেরণাদায়ক। মনে রাখবেন যে প্রশংসা যেন অবশ্যই নির্দিষ্ট এবং যে কাজ করা হয়েছে তার ওপর হয়, শিক্ষার্থীদের নিজেদের সম্পর্কে নয়, তা না হলে এটা শিক্ষার্থীদের অগ্রগতিতে সাহায্য করবে না। 'শাবাশ' বলাটা যথাযথ নয়, তাই নিচের মত বলা ভাল:





### সংশোধনের সাথে সাথে প্রণোদিত ব্যবহার করা

আপনার শিক্ষার্থীদের সঙ্গে আপনার সংলাপ তাদের শেখায় সাহায্য করে। আপনি যদি তাদের বলেন কোনো উত্তর ভুল এবং সেখানেই কথা শেষ করে দেন, তাহলে তাদের ভাবতে দেওয়ার এবং নিজেদের চেষ্টা করতে দেওয়ার সুযোগ হারাবেন। আপনি যদি শিক্ষার্থীদের কোন ইঙ্গিত দেন অথবা তাদের আরও কোন প্রশ্ন করেন, তবে আপনি তাদের আরও গভীরভাবে ভাবতে সাহায্য করতে পারবেন এবং উত্তর খোঁজার এবং নিজেদের শেখার দায়িত্ব নিতে তাদের উৎসাহ দিতে পারবেন। উদাহরণ স্বরূপ, এই ধরনের কথা বলে আপনি আরও ভাল উত্তর দিতে বা একটা সমস্যা ভিন্ন দৃষ্টিকোণ থেকে দেখতে উৎসাহ দিতে পারেন:




অন্যান্য শিক্ষার্থীদেরকে পরস্পরকে সাহায্য করতে উৎসাহ দেওয়া যথাযথ হতে পারে। এরকম মন্তব্য সহ আপনি আপনার প্রশ্নগুলো শ্রেণির বাকিদের সামনে রেখে এটা করতে পারেন যেমন:




বানান বা সংখ্যার অনুশীলনের মত কাজগুলোর ক্ষেত্রে 'হ্যাঁ' বা 'না' দিয়ে শিক্ষার্থীদের সংশোধন করা যথাযথ হতে পারে, কিন্তু এখানেও আপনি শিক্ষার্থীদের উত্তরের মধ্যে উদ্ভূত প্যাটার্ন দেখতে উৎসাহিত করতে পারেন, একই রকম উত্তরগুলোর মধ্যে সংযোগ করে দেখাতে পারেন অথবা নির্দিষ্ট কোন উত্তর ভুল কেন সে সম্পর্কে আলোচনা শুরু করতে পারেন।

স্ব-সংশোধন এবং সমকক্ষের সংশোধন কার্যকরী এবং জুটিতে কাজ করার সময় শিক্ষার্থীদের নিজস্ব ও পরস্পরের কাজ পরীক্ষা করতে বলে আপনি তাদের উৎসাহিত করতে পারেন। যাতে খুব বেশি বিভ্রান্তিকর তথ্য না আসে তাই একবারে একটা দিক সংশোধন করার ওপর দৃষ্টি নিবদ্ধ করা সবথেকে ভাল।

# সম্পদ 2: পাঠ পরিকল্পনা করা

## পরিকল্পনা ও প্রস্তুতি কেন গুরুত্বপূর্ণ

ভাল পাঠ পরিকল্পনা করতে হবে। পরিকল্পনা আপনার পাঠকে স্পষ্ট ও সঠিক-সময়ে করতে সাহায্য করে, এর অর্থ হল শিক্ষার্থীরা সক্রিয় ও আগ্রহী হতে পারে। কার্যকরী পরিকল্পনার মধ্যে কিছু অন্তর্নিহিত নমনীয়তা রয়েছে যাতে শিক্ষকরা শিক্ষাদান করার সময় তাঁদের শিক্ষার্থীদের শেখা সম্বন্ধে যা জানতে পারেন সেই অনুসারে সাড়া দিতে পারেন। পাঠের একটি শৃঙ্খলাপূর্ণ পরিকল্পনার জন্য কাজ করার অন্তর্ভুক্ত হল শিক্ষার্থীদের ও তাদের পূর্ববর্তী শেখা সম্বন্ধে জানা, পাঠক্রমের অগ্রগতিতে এর অর্থ কি জানা, এবং শিক্ষার্থীদের শেখায় সাহায্য করার জন্য সর্বোত্তম সম্পদ ও অ্যাক্টিভিটি খুঁজে বের করা।

পরিকল্পনা একটা ক্রমাগত প্রক্রিয়া যা আপনাকে স্বতন্ত্র পাঠ ও সেইসাথে আগেরটির উপর ভিত্তি করে গড়ে ওঠা পাঠের শৃঙ্খলা উভয়ই প্রস্তুত করতে সাহায্য করে। পাঠ পরিকল্পনার পর্যায়গুলো হল:

- অগ্রগতির জন্য আপনার শিক্ষার্থীদের কী প্রয়োজন সেই বিষয়ে স্পষ্ট হওয়া
- আপনি কিভাবে শিক্ষাদান করবেন যাতে শিক্ষার্থীরা বুঝতে পারবে এবং আপনি যা জানতে পারবেন তাতে সাড়া দিতে গেলে কিভাবে নমনীয়তা বজায় রাখতে হবে সেটা ঠিক করা
- পাঠ কতটা ভালোভাবে সম্পন্ন হয়েছে এবং আপনার শিক্ষার্থীরা কী শিখছে, ভবিষ্যৎ পরিকল্পনার জন্য সে বিষয়টি ফিরে দেখা।

পাঠের ক্রম পরিকল্পনা করা

যখন আপনি কোন পাঠক্রম অনুসরণ করছেন, তখন পরিকল্পনার প্রথম অংশ হল পাঠক্রমের আলোচ্য বিষয় ও বিষয়গুলোকে কিভাবে বিভাগে বা খণ্ডে সবচেয়ে ভালভাবে ভেঙ্গে নিয়ে কাজ করা যায়। উপলব্ধ সময় এবং সেইসঙ্গে শিক্ষার্থীদের ধীরে ধীরে অগ্রগতি এবং দক্ষতা ও জ্ঞান তৈরির উপায় আপনাকে বিবেচনা করতে হবে। আপনার অভিজ্ঞতা বা সহকর্মীর সঙ্গে আলোচনা থেকে আপনি হয়তো ঠিক করতে পারেন যে একটা বিষয়ের জন্য চারটে পাঠ লাগবে, কিন্তু অন্য একটি বিষয়ের জন্য শুধুমাত্র দুটি পাঠ লাগবে। আপনি হয়তো সচেতন আছেন যে যখন ভবিষ্যতে অন্যান্য বিষয়গুলো অন্তর্ভুক্ত করা হবে বা বিষয় প্রসারিত করা হবে তখন আপনি বিভিন্ন উপায়ে ও বিভিন্ন সময়ে এই শিখন পদ্ধতিতে ফিরতে চাইবেন।

সমস্ত পাঠ পরিকল্পনায় আপনাকে নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে স্পষ্ট হওয়া প্রয়োজন:

- আপনি শিক্ষার্থীদের কী শেখাতে চান
- আপনি কিভাবে সেই শেখাকে উপস্থাপন করবেন
- শিক্ষার্থীদের কী করতে হবে এবং কেন।

আপনি শেখাকে সক্রিয় ও আকর্ষণীয় করতে চাইবেন যাতে শিক্ষার্থীরা স্বাচ্ছন্দ্য বোধ করে ও কৌতূহলী হয়। পাঠের ক্রম জুড়ে শিক্ষার্থীদের কী করতে বলা হবে তা বিবেচনা করুন যাতে আপনি বৈচিত্র্য ও আগ্রহ গড়তে পারেন সেইসঙ্গে নমনীয়তাও। পাঠের ক্রমের মধ্য দিয়ে আপনার শিক্ষার্থীদের অগ্রগতির সঙ্গে সঙ্গে আপনি শিক্ষার্থীরা কী বুঝছে, সেটা কিভাবে পরীক্ষা করতে পারেন সে বিষয়ে পরিকল্পনা করুন। কিছু অংশে বেশি সময় লাগলে বা দ্রুত করায়ত্ত করা হয়ে গেলে নমনীয় হওয়ার জন্য প্রস্তুত থাকুন।

## স্বতন্ত্র পাঠের প্রস্তুতি

আপনার পাঠের শৃঙ্খলা পরিকল্পনা করার পর **শিক্ষার্থীরা যে পর্যন্ত উন্নতি করেছে তার উপর ভিত্তি করে** প্রতিটি স্বতন্ত্র পাঠের পরিকল্পনা করতে হবে। পাঠের ক্রমের শেষে শিক্ষার্থীদের কী শেখা উচিত বা কী করতে সক্ষম হওয়া উচিত তা আপনি জানেন, কিন্তু আপনাকে অপ্রত্যাশিত কিছু পুনরায় বলার বা আরও দ্রুত এগিয়ে যাওয়ার প্রয়োজন হতে পারে। সুতরাং প্রতিটি স্বতন্ত্র পাঠ অবশ্যই পরিকল্পিত হতে হবে যাতে এটি আপনার সমস্ত শিক্ষার্থী অগ্রগতিতে সাহায্য করতে পারে এবং সাফল্য ও এই পাঠ পদ্ধতিতে অন্তর্ভুক্ত থাকা অনুভব করে।

পাঠ পরিকল্পনার মধ্যে আপনার নিশ্চিত হওয়া প্রয়োজন যে প্রতিটি কার্যকলাপের জন্য যথেষ্ট সময় রয়েছে এবং সমস্ত সম্পদ প্রস্তুত রয়েছে যেমন ব্যবহারিক কাজের বা সক্রিয় গ্রুপের কাজের জন্য প্রয়োজনীয় সম্পদ। বড় শ্রেণির জন্য পরিকল্পনার উপাদানের অংশ হিসাবে আপনার বিভিন্ন গ্রুপের জন্য আপনাকে বিভিন্ন ধরনের প্রশ্ন এবং কার্যকলাপের পরিকল্পনা করার প্রয়োজন হতে পারে।

যখন আপনি নতুন বিষয়ে শিক্ষাদান করেন, তখন অভ্যাস এবং অন্যান্য শিক্ষকদের ধারণা নিয়ে কথা বলার জন্য আপনাকে সময় বের করতে হতে পারে যাতে আপনি আত্মবিশ্বাসী হন।

আপনার পাঠগুলো তিনটে অংশে পৃথকভাবে প্রস্তুত করার বিষয়ে চিন্তা করুন। এই অংশগুলো নিচে আলোচিত হয়েছে।

### 1 সূচনা

কোন পাঠের শুরুতে শিক্ষার্থীরা কী শিখবে ও করবে সেটা শিক্ষার্থীদের নিকট ব্যাখ্যা করুন, যাতে প্রত্যেকেই জানে যে তাদের কাছ থেকে কী প্রত্যাশা করা হচ্ছে। শিক্ষার্থীরা ইতিমধ্যেই কী জানে তা ভাগ করে নিতে দেওয়ার মাধ্যমে তারা যা শিখতে যাচ্ছে সেই বিষয়ে তাদেরকে আগ্রহী করে তুলুন।

### 2 পাঠের প্রধান অংশ

শিক্ষার্থীরা ইতিমধ্যেই কী জানে তার উপর ভিত্তি করে বিষয়বস্তুর রূপরেখা তৈরি করুন। আপনি স্থানীয় সম্পদ, নতুন তথ্য বা গ্রুপের কাজ বা সমস্যা সমাধান সহ সক্রিয় পদ্ধতি ব্যবহার করার সিদ্ধান্ত নিতে পারেন। ব্যবহার করার জন্য সম্পদ ও যে উপায়ে আপনি আপনার শ্রেণিকক্ষের স্থান ব্যবহার করবেন তা শনাক্ত করুন। বিভিন্ন ধরনের অ্যাক্টিভিটি, সম্পদ এবং সময়ের ব্যবহার পাঠ পরিকল্পনার একটা গুরুত্বপূর্ণ অংশ। যদি আপনি বিভিন্ন পদ্ধতি ও অ্যাক্টিভিটি ব্যবহার করেন, তবে আপনি বেশি সংখ্যক শিক্ষার্থীদের কাছে পৌঁছবেন কারণ তারা বিভিন্ন উপায়ে শিখবে।

### 3 পাঠের শেষে শেখা পরীক্ষা করতে হবে

কতটা অগ্রগতি হয়েছে তা জানতে সর্বদা সময় আলাদা করে রাখুন (পাঠ চলাকালীন বা পাঠের শেষে)। যাচাই করা মানেই সবসময় পরীক্ষা নয়। সাধারণত এটা দ্রুত ও ঘটনাস্থলেই হতে হবে – যেমন পরিকল্পিত প্রশ্নাবলী বা শিক্ষার্থীদের তারা কী শিখেছে তা উপস্থাপন করার সময় পর্যবেক্ষণ করা – কিন্তু শিক্ষার্থীদের উত্তর থেকে আপনি যা খুঁজে পাবেন সেই অনুযায়ী আপনাকে পরিকল্পনায় অবশ্যই নমনীয় হতে হবে এবং পরিবর্তন করতে হবে।

পাঠ শেষ করার একটা ভাল উপায় হতে পারে প্রাথমিক লক্ষ্যে ফিরে যাওয়া এবং শিক্ষার্থীদের শেখার অগ্রগতি সম্পর্কে আপনাকে বা তাদের একে অপরকে বলার জন্য সময় দেওয়া। শিক্ষার্থীদের কথা শোনার মাধ্যমে নিশ্চিত করা যাবে যে পরবর্তী পাঠের জন্য আপনাকে কী পরিকল্পনা করতে হবে তা আপনি জানেন।

## পাঠ পর্যালোচনা করা

প্রতিটি পাঠের দিকে ফিরে দেখুন এবং আপনি যা করেছেন, আপনার শিক্ষার্থীরা যা শিখেছে, কোন কোন সম্পদ ব্যবহার করা হয়েছে এবং কতটা ভালভাবে এটা হয়েছে তার একটা রেকর্ড রাখুন যাতে পরবর্তী পাঠগুলির জন্য আপনার পরিকল্পনায় আপনি উন্নতি ও সমন্বয় করতে পারেন। উদাহরণস্বরূপ আপনি স্থির করতে পারেন:

- অ্যাক্টিভিটি পরিবর্তন বা তারতম্য সাধন করা
- বিভিন্ন ধরনের উন্মুক্ত ও আবদ্ধ প্রশ্ন তৈরি
- যে শিক্ষার্থীদের অতিরিক্ত সহায়তা প্রয়োজন তাদের জন্য ফলো-আপ সেশন রাখা।

শিক্ষার্থীদের শিখতে সাহায্যের জন্য আপনি কী পরিকল্পনা করতে পারতেন বা আরও ভালো করতে পারতেন সে সম্পর্কে ভাবুন।

আপনি যেমন যেমন প্রতিটি পাঠের মধ্যে দিয়ে যাবেন আপনার পাঠ পরিকল্পনা অনিবার্যভাবে পরিবর্তন করতে হবে, কারণ যা ঘটবে তার সবকিছু আপনি পূর্বানুমান করতে পারেন না। ভাল ও উপযুক্ত পরিকল্পনার অর্থ হল যে আপনি জানেন আপনি কী শেখাতে চান এবং আপনার শিক্ষার্থীদের প্রকৃত শেখা সম্পর্কে আপনি যা খুঁজে পাবেন সেটার ভিত্তিতে নমনীয়তার সাথে সাড়া দিতে প্রস্তুত হবেন।

# অতিরিক্ত সম্পদসমূহ

- Teaching poetry at GCSE: http://www.youtube.com/watch?v=vZgvHmviq-U
- Primary talk and success criteria: http://www.youtube.com/watch?v=1v2QbW3_Ai4
- *Learning to teach* (OpenLearn unit): http://www.open.edu/openlearn/learning-teach/content-section-0

# তথ্যসূত্র/গ্রন্থতালিকা

Muralidharan, K. and Sundararaman, V. (2010) 'The impact of diagnostic feedback to teachers on student learning: experimental evidence from India', *Economic Journal*, vol. 120, no. 546, pp. 187–203.

Jones, J., Jenkin, M. and Lord S. (2006) *Developing Effective Teacher Performance*. London: Sage Publications.

Wragg, E.C. (2012) *An Introduction to Classroom Observation*, 3rd edn. London: Routledge.

Lofthouse, R., Leat, D., Towler, C., Hall, E. and Cummings, C. (2010) *Improving Coaching: Evolution not Revolution.* Reading: CfBT Education Trust.

Lofthouse, R., Leat, D. and Towler, C. (2010) *Coaching for Teaching and Learning: A Practical Guide for Schools.* Reading: CfBT Education Trust. Available from: www.ncl.ac.uk/cflat/news/documents/5414_CfT_FinalWeb.pdf (accessed 19 July 2014).

# কৃতজ্ঞতাস্বীকার

এই বিষয়বস্তু ক্রিয়েটিভ কমন্স অ্যাট্রিবিউশন – শেয়ারঅ্যালাইক লাইসেন্স এর অধীনে উপলব্ধ (http://creativecommons.org/licenses/by-sa/3.0/), যদি না অন্যভাবে চিহ্নিত হয়। লাইসেন্সটি TESS-INDIAর, OU এবং UKAID লোগোগুলির ব্যবহার বহির্ভূত করে, যা শুধুমাত্র TESS-INDIAর প্রকল্পের ক্ষেত্রেই অপরিবর্তিতভাবে ব্যবহার করা যেতে পারে।

কপিরাইট স্বত্বাধিকারীদের সাথে যোগাযোগ করার উদ্দেশ্যে সর্বতভাবে প্রচেষ্টা করা হয়েছে। যদি কোনোটি অনিচ্ছাকৃতভাবে নজর এড়িয়ে গিয়ে থাকে, তাহলে প্রকাশকরা প্রথম সুযোগেই সানন্দে প্রয়োজনীয় বন্দোবস্ত করবেন।

ভিডিও (ভিডিও স্টিল সহ): ভারত ব্যাপী শিক্ষকদের শিক্ষাদানকারী, প্রধান শিক্ষক, শিক্ষক ও ছাত্রছাত্রীদের ধন্যবাদ জানানো হচ্ছে, যারা প্রস্তুতির সময়ে ওপেন ইউনিভার্সিটির সঙ্গে কাজ করেছিলেন।